কক্সবাজার	 সেন্ট মার্টিনস্ দ্বীপ ST. Martin's Islands	বঙ্গোপসাগরে অবস্থিত বাংলাদেশের একমাত্র সামুদ্রিক প্রবাল দ্বীপ। টেকনাফ সমুদ্র উপকূল হতে ৪৮ কিমি. দক্ষিণে নাফ নদীর মুখে অবস্থিত। দ্বীপটির আয়তন মাত্র ৮ বর্গ কি.মি.। স্থানীয় নাম নারিকেল জিঞ্জিরা। সেন্টমার্টিন দ্বীপ পর্যটন কেন্দ্র, মৎস্য আহরণ, চুনাপাথর, খনিজ পদার্থ (কালো সোনা) প্রভৃতির জন্য বিখ্যাত। এই দ্বীপটিকে এক্সক্লুসিভ টুরিস্ট জোন হিসেবে গড়ে তোলা হয়েছে। টেকনাফ থেকে সেন্টমার্টিন চলাচলকারী জাহাজ হচ্ছে কেয়ারি সিন্দাবাদ। বাংলাদেশের সমুদ্রসীমায় এখন পর্যন্ত পাঁচ প্রজাতির সামুদ্রিক কচ্ছপের উপস্থিতির তথ্য পাওয়া গেছে। এর মধ্যে অলিভ রিডলে, গ্রিন টারটল ও হকসিবল – এই তিন প্রজাতির কচ্ছপ কক্সবাজার উপকূলে ডিম পাড়তে আসে।
	ছেঁড়া দ্বীপ Chhera Island	সেন্টমার্টিন দ্বীপের দক্ষিণাংশ ছেঁড়া দ্বীপ নামে পরিচিত। জোয়ারের সময় দ্বীপটি সেন্টমার্টিন হতে বিচ্ছিন্ন হয়ে পড়ে। ভাটার সময় সেন্টমার্টিন হতে পায়ে হেঁটে দ্বীপটিতে যাওয়া যায়। এটি বাংলাদেশের সর্বদক্ষিণের স্থান।
	কুতুবদিয়া Kutubdia	রাত্রে নৌ চলাচলের সুবিধার জন্য ব্রিটিশ আমলে নির্মিত বাতিঘর আছে।
	মহেশখালী Maheshkhali	বাংলাদেশের একমাত্র পাহাড়ী দ্বীপ। দ্বীপটির আয়তন ২৬৮ বর্গকিমি। 'আদিনাথ মন্দির' এই দ্বীপে অবস্থিত।
	সোনাদিয়া দ্বীপ Sonadia Island	দ্বীপটির আয়তন ৯ বর্গ কি.মি.। মৎস্য আহরণ ও অতিথি পাখির জন্য বিখ্যাত। এই দ্বীপে গভীর সমুদ্রবন্দর নির্মাণ করা হবে।
চট্টগ্রাম	সন্দ্বীপ Sandwip	দ্বীপটির আয়তন ৭৬২ বর্গ কি.মি.। প্রাচীনকালে এই দ্বীপে সামুদ্রিক জাহাজ তৈরি করা হত।

ব-দ্বীপ

ব-দ্বীপ মূলত একটি নদীর অনুপ্রস্থভাবে অতিক্রম করা ধারা-উপধারা বাহিত পলিমাটি সঞ্চিত ভূমি যা আকৃতিতে কমবেশি ত্রিভুজাকার প্রান্তিক প্লাবনভূমি। গঙ্গা-ব্রহ্মপুত্র-মেঘনা বদ্বীপ পৃথিবীর বৃহত্তম ব-দ্বীপ। এখানে উল্লেখ্য, এই বদ্বীপের বাংলাদেশ অংশের আয়তন ৪৬,৬২০ বর্গকিলোমিটার যা সমগ্র দেশের মোট এলাকার মোটামুটি এক-তৃতীয়াংশের সামান্য কিছু কম (প্রায় ৩২%)।

⇨ পৃথিবীর বৃহত্তম ব-দ্বীপ : বাংলাদেশ।

⇨ বাংলাদেশের বৃহত্তম ব-দ্বীপ : সুন্দরবন।

MCQ Solution

১. **Which is the largest riverine delta in the world?/ পৃথিবীর বৃহত্তম নদীবিধৌত ব-দ্বীপ কোনটি?** [BASIC Bank Officer : 02]

ⓐ Bangladesh ⓑ Vietnam

ⓒ Egypt ⓓ Laos **Ans. a**

Scanned by CamScanner

২. **The biggest delta in the world is-** [IFIC Bank Ltd. MTO: 13/Titas Gas Deputy Engineer: 11]

Or,

পৃথিবীর বৃহত্তম ব-দ্বীপ- [পরিবার পরিকল্পনা অধিদপ্তর হিসাব রক্ষক/গুদাম রক্ষক/কোষাধ্যক্ষ : ১১]

ⓐ The Nile Delta ⓑ The Gangas delta
ⓒ The Blue Delta ⓓ The Sindhu Delta
ⓔ None of these **Ans. b**

৩. বাংলাদেশের বৃহত্তম ব-দ্বীপ কোনটি? [মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের অধীন জুনিয়র অডিটর : ১৪]

ⓚ সুন্দরবন ⓛ ভোলা
ⓜ মনপুরা ⓝ সেন্টমার্টিন উত্তর: ক

৪. গঙ্গা-ব্রহ্মপুত্র-মেঘনার সম্মিলিত নদী অববাহিকার কত শতাংশ বাংলাদেশের অন্তর্ভুক্ত? [১৫তম বিসিএস/ বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক : ০৩]

ⓚ ৪ ⓛ ১৪
ⓜ ৭ ⓝ ৩৩ উত্তর: ঘ

৫. **The World's largest river delta found in Bangladesh is the delth of which river?** [বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন সহকারী ব্যবস্থাপক : ১৩]

ⓚ Jamuna ⓛ Brahmaputra ⓜ Surm
ⓝ Meghna ⓞ None of these উত্তর: খ

৬. বাংলাদেশের একমাত্র প্রবাল দ্বীপের নাম কি? [২৪তম বিসিএস/ প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (সুরমা) : ১৩ / জাতীয় রাজস্ব বোর্ডের ইন্সপেক্টর : ১০/ আবহাওয়া অধিদপ্তরের সহকারী আবহাওয়াবিদ : ০৭ / ভূ-তাত্ত্বিক জরিপ অধিদপ্তরের সহকারী পরিচালক : ০৬]

ⓚ সেন্টমার্টিন ⓛ মহেশখালী
ⓜ হাতিয়া ⓝ সন্দ্বীপ উত্তর: ক

৭. সেন্ট মার্টিনস কি ধরনের দ্বীপ? [ইসলামী ব্যাংকের সহকারী অফিসার (গ্রেড-৩) : ০৮/ Islami Bank Assistant Officer (Grade-3) : 05]

ⓚ ব-দ্বীপ ⓛ প্রবাল দ্বীপ
ⓜ পাললিক দ্বীপ ⓝ আগ্নেয় দ্বীপ উত্তর: খ

৮. সেন্টমার্টিন দ্বীপের আর একটি (স্থানীয়) নাম কি? [১৫তম বিসিএস / ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৪ -১৫ / পরিবার পরিকল্পনা অধিদপ্তরে উপ-সহকারী কমিউনিটি মোবিলেল অফিসার : ১৪ / BRDB- এর উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা : ০৯]

ⓚ নারিকেল জিনজিরা ⓛ সোনাদিয়া
ⓜ কুতুবদিয়া ⓝ নিঝুম দ্বীপ উত্তর: ক

৯. সেন্ট মার্টিন দ্বীপের আয়তন কত বর্গ কিলোমিটার? [২৭তম বিসিএস / জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৩ - ১৪]

ⓚ ৮ ⓛ ১০
ⓜ ১২ ⓝ ১৪ উত্তর: ক

১০. বাংলাদেশের সেন্টমার্টিন দ্বীপ কোন জেলায়? [৩৩তম বিসিএস]

Or,

In which district is Saint Martin Island located? [Mutual Trast Bank Ltd. MTO : 11]

ⓐ Noakhali ⓑ Chittagong
ⓒ Cox's Bazar ⓓ Teknaf **Ans. c**

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

১১. বাংলাদেশের সর্ব দক্ষিণের দ্বীপ কোনটি? [বাংলাদেশ রোড অথরিটির সহকারী পরিচালক : ০৫ / ইসলামী বিশ্ববিদ্যালয় (গ ইউনিট) : ০৩-০৪]

ক চর কুকরি মুকরি খ নিঝুম দ্বীপ
গ সেন্ট মার্টিন ঘ চর নিজাম উত্তর: গ

১২. Union which is at the furthest south of Bangladesh. /বাংলাদেশের সর্ব দক্ষিণের ইউনিয়ন কোনটি? [IBBL Probationary Officer : 10]

ⓐ Hatia ⓑ Sandwip
ⓒ Kuakata ⓓ Saint Martin Ans. d

১৩. এক্সক্লুসিভ টুরিস্ট জোন হিসাবে কোন স্থানকে গড়ে তোলা হবে? [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীন তথ্য সংক্রান্ত পরিদপ্তরের সাইকার অফিসার : ০৫]

ক কক্সবাজার খ সেন্টমার্টিন দ্বীপ
গ কুয়াকাটা ঘ সুন্দরবন উত্তর: খ

১৪. টেকনাফ থেকে সেন্টমার্টিন চলাচলকারী বিলাসবহুল জাহাজের নাম – [তথ্য মন্ত্রণালয়ের অধীনে তথ্য অফিসার : ০৫]

ক কেয়ারি সিন্দবাদ খ রকেট
গ গাজী ঘ শাহ আমানত উত্তর: ক

১৫. 'অলিভ টারটল' বাংলাদেশের কোন দ্বীপে পাওয়া যায়? [৩৫তম বিসিএস]

ক সেন্টমার্টিন গ চর আলেকজান্ডার
খ রাঙ্গাবালি ঘ ছেড়াদ্বীপ উত্তর: ক

১৬. রাত্রে নৌ চলাচলের সুবিধার জন্য বাংলাদেশের কোথায় পুরানো বাতিঘর ছিল? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৬-০৭]

ক মহেশখালি খ সেন্ট মার্টিন
গ টেকনাফ ঘ কুতুবদিয়া উত্তর: ঘ

১৭. কুতুবদিয়া কোন জেলায় অবস্থিত? [বহিরাগমন এবং পাসপোর্ট অধিদপ্তরে সহকারী পরিচালক : ০৬]

ক লক্ষ্মীপুর খ কক্সবাজার
গ নোয়াখালী ঘ চট্টগ্রাম উত্তর: খ

১৮. বাংলাদেশের একমাত্র পাহাড়ী দ্বীপ কোনটি? [২৬তম বিসিএস / জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৪ - ১৫ / মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের অধীনে অডিটর : ১৪/ পল্লী উন্নয়ন বোর্ডের মাঠ সংগঠক : ১৪]

ক সেন্টমার্টিন খ মহেশখালী
গ ছেড়া দ্বীপ ঘ নিঝুম দ্বীপ উত্তর: খ

১৯. সোনাদিয়া দ্বীপ কেন বিখ্যাত? [বাংলাদেশ সরকারি কর্ম কমিশন (PSC) এর সহকারী পরিচালক : ০৬]

ক মাছের প্রজনন ক্ষেত্র বলে খ ঝড়ঝঞ্ঝা কবলিত এলাকা বলে
গ জনমানবহীন এলাকা বলে ঘ সামুদ্রিক মাছ শিকারের জন্য উত্তর: ঘ

২০. গভীর সমুদ্রবন্দর নির্মাণের জন্য প্রস্তাবিত সোনাদিয়া দ্বীপের আয়তন কত? [৩৫তম বিসিএস]

ক ৯১ বর্গ কিলোমিটার গ ৭ বর্গ কিলোমিটার
খ ৯ বর্গ কিলোমিটার ঘ ৮ বর্গ কিলোমিটার উত্তর: খ

২১. নিঝুম দ্বীপ কোথায় অবস্থিত? [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের কারা তত্ত্বাবধায়ক : ১০]

ক কুতুবদিয়া খ হাতিয়া
গ সন্দ্বীপ ঘ মহেশখালী উত্তর: খ

BCS Spotlight

Scanned by CamScanner

২২. বাংলাদেশের কোন নদীর মোহনায় নিঝুম দ্বীপ অবস্থিত? [খাদ্য অধিদপ্তরে খাদ্য পরিদর্শক : ১১/ নির্বাচন কমিশন সচিবালয়ে উপজেলা বা থানা নির্বাচন অফিসার : ০৮/ ইসলামী বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ০৩-০৪/ বাংলাদেশ রেলওয়ে সহকারী কমান্ডেন্ট : ০০]

ক পদ্মা খ মেঘনা
গ যমুনা ঘ কর্ণফুলী উত্তর: খ

২৩. নিঝুম দ্বীপের আয়তন কত? [২৮তম বিসিএস]

ক ৮০ ব.মা. খ ৮২ ব.মা.
গ ৮৫ ব.মা. ঘ ৯০ ব.মা. উত্তর:

ব্যাখ্যা: নিঝুম দ্বীপের আয়তন ৯১ বর্গ কিলোমিটার বা ৩৫.১৩৫ বর্গ মাইল।

২৪. **In terms of land area, which of the following is the largest island in Bangladesh?** [Shahjalal Islami Bank Ltd. Trainee Senior Officer: 13 / Dhaka Bank Ltd. MTO : 11/ Sadharan Bima Corporation Asst. Manager : 09]

Or,

বাংলাদেশের বৃহত্তম দ্বীপ কোনটি? [স্থানীয় সরকার জনস্বাস্থ্য প্রকৌশল উপসহকারী : ১৫ / বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের উপ-সহকারী : ১২/ পদপূর্ত অধিদপ্তরের উপসহকারী প্রকৌশলী (সিভিল) : ১১/ বাংলাদেশ রেলওয়ে সহকারী কমান্ডেন্ট : ০৭]

ⓐ Bhola ⓑ Nijhum Dip
ⓒ St. Martin's Island ⓓ Kukrimukri ⓔ None of these **Ans. a**

২৫. মনপুরা দ্বীপ কোন জেলার অন্তর্গত? [আনসার ও ভিডিপি অধিদপ্তরের সার্কেল অ্যাডজুটেন্ট : ১৫ / বহিরাগমন এবং পাসপোর্ট অধিদপ্তরে সহকারী পরিচালক : ০৬ / ভূ-তাত্ত্বিক জরিপ অধিদপ্তরের সহকারী পরিচালক (সহ-ভূতত্ত্ববিদ) : ০৬]

ক বরিশাল খ ভোলা
গ পটুয়াখালী ঘ ঝালকাঠি উত্তর: খ

২৬. দক্ষিণ তালপট্টি দ্বীপের অবস্থান কোথায়? [সমবায় পরিদপ্তরের সহকারী পরিচালক : ০৭/ জাতীয় সংসদে প্রশাসনিক কর্মকর্তা : ০৬]

ক হাড়িয়াভাঙ্গা নদীর বুকে খ বায়মঙ্গল নদীর মোহনায়
গ বঙ্গোপসাগরের বুকে ঘ নিঝুম দ্বীপের মোহনায় উত্তর: গ

২৭. দক্ষিণ তালপট্টি দ্বীপ কোথায় অবস্থিত? [অগ্রণী ব্যাংক লি. সিনিয়র অফিসার : ১৫ / সহকারী থানা শিক্ষা অফিসার : ০৯/ সমবায় পরিদপ্তরের সহকারী পরিচালক : ০৭/ ঢাকা বিশ্ববিদ্যালয় (ঙ ইউনিট) : ০৩-০৪]

ক হাতিয়ায় খ সাতক্ষীরায়
গ কক্সবাজারে ঘ সন্দ্বীপে উত্তর: খ

২৮. দক্ষিণ তালপট্টি দ্বীপ কোন নদীর মোহনায় অবস্থিত? [২৯তম বিসিএস / ২৬তম বিসিএস / ১৪তম বিসিএস/ পরিবার কল্যাণ পরিদর্শিকা : ১৫ / প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (ক্রিসানথিমাম) : ১২ / জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৬-০৭]

ক রূপসা খ বালেশ্বর
গ হাড়িয়াভাঙ্গা ঘ ভৈরব উত্তর: গ

২৯. পূর্বাশা দ্বীপের অপর নাম- [৩৩তম বিসিএস/ ১০তম বিসিএস/ পল্লী উন্নয়ন বোর্ডের হিসাব সহকারী : ১৪ / জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১২-১৩ / প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (নাগলিঙ্গম) : ১২ / শ্রম পরিদপ্তরের জনসংখ্যা ও পরিবারকল্যাণ কর্মকর্তা : ০৯]

ক নিঝুম দ্বীপ খ সেন্টমার্টিন
গ দক্ষিণ তালপট্টি ঘ কুতুবদিয়া উত্তর: গ

৩০. দক্ষিণ তালপট্টি দ্বীপের অপর নাম কি? [২৪তম বিসিএস/ প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (বুড়িগঙ্গা) : ১৩ / খাদ্য অধিদপ্তরের খাদ্য পরিদর্শক (/ উপ-খাদ্য পরিদর্শক/ উচ্চমান সহকারী/ অফিটর/ সুপারনাইজার) : ০৯]

ক কুতুবদিয়া খ সোনাদিয়া
গ সন্দ্বীপ ঘ পূর্বাশা দ্বীপ উত্তর: ঘ

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

বাংলাদেশের চর (Char of Bangladesh)

জেলা	বিখ্যাত চর
ভোলা	চর মানিক, চর জব্বার, চর নিউটন, চর কুকুড়ি মুকড়ি, চর নিজাম, চর জাহাঙ্গীর,চর মনপুরা, চর জহির উদ্দিন, চর ফয়েজ উদ্দিন। চর কুকুড়ি মুকড়ি বন্য প্রাণী অভয়ারণ্য (Wildlife Sanctuary)।
ফেনী	মুহুরীর চর
নোয়াখালী	চর শ্রীজনি, চর শাহাবানী
লক্ষ্মীপুর	চর আলেকজান্ডার, চর গজারিয়া
চট্টগ্রাম	উড়ির চর
রাজশাহী	নির্মল চর

দুবলার চর (Dublar Char) : সুন্দরবনের দক্ষিণ উপকূলে অবস্থিত। মৎস্য আহরণ, শুটকী উৎপাদন এবং উপকূলীয় সবুজ বেষ্টনীর জন্য বিখ্যাত। দুবলার চরের অপর নাম জাফর পয়েন্ট।

MCQ Solution

১. **চরফ্যাশন কোন জেলায়?** [খাদ্য অধিদপ্তরের খাদ্য পরিদর্শক : ০৯]
ক ভোলা খ বরিশাল
গ বাগেরহাট ঘ লক্ষ্মীপুর **উত্তর: ক**
ব্যাখ্যা : ভোলা জেলার একটি থানা চরফ্যাশন।

২. **নিচের কোনটি বাংলাদেশের 'Wildlife Sanctuary'?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সরকার ও রাজনীতি) : ১৩-১৪]
ক চর মুহুরি খ চর জব্বার
গ চর ফ্যাশন ঘ চর কুকরি মুকরি **উত্তর: ঘ**

৩. **মুহুরীর চর কোন জেলায় অবস্থিত?** [৩৪তম বিসিএস / কারিগরি শিক্ষা অধিদপ্তরের অধীনে ইনস্ট্রাক্টর (নন টেক) : ০৫]
ক নোয়াখালী খ ফেনী
গ লালমনিরহাট ঘ সাতক্ষীরা **উত্তর : খ**

৪. **'নির্মল চর' কোথায় অবস্থিত?** [খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়ের অধীন ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তরের প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা : ০৬ / শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন শ্রম পরিদপ্তরের প্রভাষক (শিল্প সম্পর্ক শিক্ষায়তন) : ০৫]
ক ফেনী খ ভোলা
গ রাজশাহী ঘ হাতিয়া **উত্তর: গ**

৫. **'দুবলার চর' কোথায় অবস্থিত?** [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১১-১২ / সংস্থাপন মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা : ০৭]
ক সেন্ট মার্টিনে খ সুন্দরবনের দক্ষিণ উপকূলে
গ ভোলা জেলায় ঘ মাধবকুন্ডের পাশে **উত্তর: খ**

বিল (Beel)

নদী, বিল ও হাওড় বাংলাদেশের মিঠাপানির মাছের উৎস। বাংলাদেশের মিঠাপানির মাছের প্রধান উৎস চলনবিল। এটি বাংলাদেশের বৃহত্তম বিল। চলনবিলের মধ্য দিয়ে আত্রাই নদী প্রবাহিত হয়েছে। ডাকাতিয়া বিলকে 'পশ্চিমা বাহিনী নদী' বলা হয়।

BCS Spotlight

Scanned by CamScanner

বাংলাদেশের বিভিন্ন বিলের অবস্থান

বিল	অবস্থান	বিল	অবস্থান
চলনবিল	পাবনা ও নাটোর	বিল ডাকাতিয়া	খুলনা
তামাবিল	সিলেট	আড়িয়ল বিল	শ্রীনগর, মুন্সিগঞ্জ
ভবদহ বিল	যশোর	বাইক্কা বিল	শ্রীমঙ্গল, মৌলভীবাজার
বগা (বগাকাইন)	রুমা, বান্দরবান		

MCQ Solution

১. **Where is the Chalan Beel?** [Sonali Bank Ltd. Officer (Cash) : 13]

Or,

চলন বিল কোথায় অবস্থিত? [১৩তম বিসিএস/ পরিবেশ ও বন মন্ত্রণালয়ের পরিবেশ অধিদপ্তরের সহ-পরিচালক : ০৭/ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (ইউনিট ডি): ১৩-১৪]

ⓐ Rajshahi District ⓑ Naogaon district
ⓒ Natore & Naogaon District ⓓ Pabna & Natore district **Ans. d**

২. **চলনবিল বাংলাদেশের কোন অঞ্চলে অবস্থিত?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৩-০৪]

ক সিলেট খ রাজশাহী-পাবনা
গ ময়মনসিংহ ঘ যশোর-কুষ্টিয়া **উত্তর: খ**

৩. **The major parts of Chalan Beel cover which of the following districts?/ চলনবিলের অধিকাংশ এলাকা কোন জেলাগুলোর অন্তর্গত?** [Standard Bank Ltd. Officer : 06]

ⓐ Pabna ⓑ Bogra ⓒ Dinajpur
ⓓ Rangpur ⓔ Sylhet **Ans. a**

৪. **চলনবিলের মধ্য দিয়ে প্রবাহিত হয়েছে কোন নদী?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ৯৯-০০]

ক আত্রাই খ বাঙ্গালী
গ মহানন্দা ঘ করতোয়া **উত্তর: ক**

৫. **বাংলাদেশে মিঠা পানির মাছের উৎস-** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (নৃবিজ্ঞান) : ০৭-০৮]

ক চলন বিল খ হাকালুকি
গ হাইল ঘ সবগুলোই **উত্তর: ঘ**

৬. **যশোর জেলায় অবস্থিত বিল** - [৩৫তম বিসিএস]

ক হাইল গ ভবদহ
খ পাথরচাওলি ঘ আড়িয়াল **উত্তর: গ**

৭. **'ভবদহ' বিল কোথায় অবস্থিত?** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (গাযা) : ১৪ / ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৯-১০]

ক ফরিদপুরে খ জামালপুরে
গ পটুয়াখালীতে ঘ যশোরে **উত্তর: ঘ**

৮. **'বগা লেক' নামে পরিচিত লেকটি বাংলাদেশের কোন জেলায় অবস্থিত?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১২- ১৩]

ক সুনামগঞ্জ খ বান্দরবান
গ রাঙ্গামাটি ঘ কিশোরগঞ্জ **উত্তর: খ**

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

৯. **Bagakine Lake (Baga Lake) of Bangladesh is located in :** [Agrani Bank Ltd Senior Officer : 11]

ⓐ Kaptai ⓑ Khagrachari ⓒ Ruma
ⓓ Bhatiari ⓔ Rangamati **Ans. c**

১০. বাংলাদেশের 'পশ্চিমা বাহিনীর নদী' বলা হয় কোন বিলকে? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সাংবাদিকতা এবং গণমাধ্যম) : ১২-১৩]

ক চলন বিল খ ডাকাতিয়া বিল
গ আড়িয়াল বিল ঘ তাগরাই বিল উত্তর: খ

হাওড় (Haor)

হাওড়	অবস্থান	তথ্য কণিকা
হাকালুকি	মৌলভীবাজার ও সিলেট	বাংলাদেশের বৃহত্তম হাওড়
টাঙ্গুয়ার	সুনামগঞ্জ	
হাইল	মৌলভীবাজার	
বুরবুক	জৈন্তাপুর, সিলেট	বাংলাদেশের ক্ষুদ্রতম হাওড়

MCQ Solution

১. প্লাস্টিক হ্রদ কোন জেলায় অবস্থিত? [৩৫তম বিসিএস]

ক রাঙামাটি গ বান্দরবান
খ খাগড়াছড়ি ঘ সিলেট উত্তর: গ

২. বাংলাদেশের বৃহত্তম হাওড় - [১২তম বিসিএস/ প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (মিসিসিপি) : ১৩ / পরিবার পরিকল্পনা অধিদপ্তর অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর : ১১/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (চিত্র) : ১০/ জাতীয় সঞ্চয় পরিদপ্তরের সহকারী পরিচালক : ০৯]

ক পাথরচাওলি খ হাইল
গ চলন বিল ঘ হাকালুকি উত্তর: ঘ

৩. 'হাকালুকি' একটি- [রাজশাহী বিশ্ববিদ্যালয় (সমাজকর্ম বিভাগ) : ০৩-০৪]

ক বনভূমি খ নদী
গ হাওড় ঘ পাহাড় উত্তর: গ

৪. বাংলাদেশের সবচেয়ে বড় হাওর হাকালুকি কোন জেলায় অবস্থিত? [যোগাযোগ মন্ত্রণালয়ের বাংলাদেশ রেলওয়ে সহকারী কমান্ডেন্ট : ০৭]

ক হবিগঞ্জ খ সুনামগঞ্জ
গ রাজশাহী ঘ মৌলভীবাজার উত্তর: ঘ

৫. ঐতিহ্যবাহী হাকালুকি হাওর বাংলাদেশের কোন অঞ্চলে অবস্থিত? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ঘইউনিট) : ১১-১২]

ক নাটোর ও রাজশাহী খ রংপুর ও দিনাজপুর
গ ব্রাহ্মণবাড়িয়া ও হবিগঞ্জ ঘ সিলেট ও মৌলভীবাজার উত্তর: ঘ

৬. 'হাইল হাওর' কোন জেলায় অবস্থিত? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (ডেলটা) : ১৪/ রাজশাহী বিশ্ববিদ্যালয় (সমাজকর্ম) : ০৭-০৮]

ক নেত্রকোনা খ সুনামগঞ্জ
গ হবিগঞ্জ ঘ মৌলভীবাজার উত্তর: ঘ

BCS Spotlight

Scanned by CamScanner

৭. **In which district is the '*Tanguar haor*' located?** [Trust Bank Ltd. Asst. Officer : 12]

Or,

'টাঙ্গুয়ার হাওড়' কোন জেলায় অবস্থিত? [জাতীয় বিশ্ববিদ্যালয় (মানবিক) : ০৬-০৭]

ⓐ Sylhet ⓑ Sunamgonj
ⓒ Chittagong ⓓ Comilla
ⓔ None of these

Ans. b

জলপ্রপাত (Water fall)

বাংলাদেশের সবচেয়ে বিখ্যাত জলপ্রপাত মৌলভীবাজার জেলার বড়লেখায় অবস্থিত মাধবকুণ্ড জলপ্রপাত। মাধবকুণ্ড জলপ্রপাতের উৎপত্তি বড়লেখা থানার পাথুরিয়া পাহাড় থেকে। মাধবকুণ্ড জলপ্রপাতে পানি ২৫০ ফুট উপর হতে নিচে পতিত হয়।



মাধবকুণ্ড জলপ্রপাত

ঝর্না (Spring)

ঝর্না	অবস্থান	ঝর্না	অবস্থান
শীতল পানির ঝর্না	হিমছড়ি, কক্সবাজার	শৈলপ্রপাত	মিলানছড়ি, বান্দরবান
উষ্ণ পানির ঝর্না	সীতাকুণ্ড, চট্টগ্রাম	জাফলং	রাঙামাটি

MCQ Solution

১. **'মাধবকুণ্ড জলপ্রপাত' কোথায় অবস্থিত?** [তথ্য মন্ত্রণালয়ের অধীনে সহকারী পরিচালক : ০৪ / প্রধানমন্ত্রীর কার্যালয়ে পার্সোনাল অফিসার : ০৪/ ইসলামী বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০২-০৩]

ⓚ সিলেট ⓛ হবিগঞ্জ
ⓜ চট্টগ্রাম ⓝ মৌলভীবাজার **উত্তর: ঘ**

২. **বাংলাদেশে জলপ্রপাত রয়েছে-** [ইসলামী বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ০৩-০৪]

ⓚ জাফলং ⓛ রাঙামাটি
ⓜ মাধবকুণ্ড ⓝ হিমছড়ি **উত্তর: গ**

৩. **'হিমছড়ি' কোন শহরের নিকট অবস্থিত?** [১৫তম বিসিএস/ প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (শীতলক্ষ্যা) : ১৩ / রাজশাহী বিশ্ববিদ্যালয় (ভূগোল ও পরিবেশ বিদ্যা) : ০৭-০৮/ অভিবাসন ও পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক : ০৩]

ⓚ কক্সবাজার ⓛ খাগড়াছড়ি
ⓜ রাঙ্গামাটি ⓝ কাপ্তাই **উত্তর: ক**

৪. **বাংলাদেশের শীতল পানির ঝর্না কোন জেলায় অবস্থিত?** [মেডিকেল : ০৫-০৬]

ⓚ মৌলভীবাজার ⓛ কক্সবাজার
ⓜ চট্টগ্রাম ⓝ সিলেট **উত্তর: খ**

৫. **চট্টগ্রামের সীতাকুন্ডের পাহাড়িয়া অঞ্চলে আছে-** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (মেঘনা) : ১৩]

ⓚ অবিরাম প্রস্রবণ ⓛ সবিরাম প্রস্রবণ
ⓜ উষ্ণ প্রস্রবণ ⓝ গেইসার **উত্তর: গ**

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

৬. গরম পানির (উষ্ণজলের) ঝর্না কোথায় অবস্থিত? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ): ০৮-০৯/ প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (চট্টগ্রাম বিভাগ): ০৮]

ক মৌলভীবাজারে খ চট্টগ্রামে
গ সীতাকুণ্ড পাহাড়ে ঘ বান্দরবানে

উত্তর: গ

৭. 'তত্তলং' ঝর্না কোন জেলায় অবস্থিত? [৩৬তম বিসিএস]

ক রাঙ্গামাটি খ বান্দরবন
গ মৌলভীবাজার ঘ সিলেট

উত্তর: ক

বাংলাদেশের নদ-নদী (Rivers of Bangladesh)

বাংলাদেশের .....

নদীর সংখ্যা	সূত্র
প্রায় ৭০০টি	মাধ্যমিক ভূগোল
৩১০টি	বাংলাদেশ পরিসংখ্যান পকেট বুক
প্রায় ২৩০টি	ছোটদের বিশ্বকোষ

বাংলাদেশে নদীর মোট সংখ্যা নিয়ে মতভেদ আছে। উপনদী, শাখানদীসহ বাংলাদেশে নদীর মোট দৈর্ঘ্য ২৪,১৪০ কিলোমিটার।

নদ ও নদী

নদ এবং নদীর পার্থক্য হলো ব্যাকরণগত। যে সকল নদীর নাম নারীবাচক তাদেরকে বলা হয় নদী। সাধারণত বাংলা ভাষায় নারীবাচক শব্দের শেষে আ-কারান্ত, ই-কারান্ত এবং উ-কারান্ত যুক্ত হয়। যেমন- পদ্মা, মেঘনা, সুরমা প্রভৃতি। যে সকল নদীর নাম পুরুষবাচক, তাদেরকে বলা হয় নদ। যেমন- নীল, আমাজন, সিন্ধু, ব্রহ্মপুত্র, কপোতাক্ষ, কুমার প্রভৃতি। ব্রহ্মার পুত্র ব্রহ্মপুত্রকে মেয়ে ভাবার সুযোগ নেই। তেমনি হিমালয়ের দুহিতা গঙ্গা সে তো নারী ছাড়া আর কিছু হতে পারে না। পারে কি?

দীর্ঘতম নদী (Longest river) এবং বৃহত্তম নদী (Biggest river)

যে নদী সবচেয়ে বেশিপথ অতিক্রম করে, সে দীর্ঘতম নদী। বাংলাদেশের দীর্ঘতম নদী মেঘনা এবং পৃথিবীর দীর্ঘতম নদী নীল নদ। বৃহত্তম নদী বিচার করা হয় যে নদীতে প্রতি মিনিটে সবচেয়ে বেশি পরিমাণ পানি প্রবাহিত হয় তাকে। পৃথিবীর বৃহত্তম নদী হচ্ছে আমাজন (২০৯০০০ ঘনমিটার পানি প্রতি মিনিটে প্রবাহিত হয়)। আমাদের দেশের বৃহত্তম নদী মেঘনা (৩৮১২৯ ঘনমিটার পানি প্রতি মিনিটে প্রবাহিত হয়) যা পৃথিবীর তৃতীয় বৃহত্তম।

বাংলাদেশের .....

দীর্ঘতম নদ	ব্রহ্মপুত্র
দীর্ঘতম নদী	মেঘনা (৬৬৯ কি.মি.)
প্রশস্ততম নদী	মেঘনা
সবচেয়ে নাব্য নদী	মেঘনা (৬০৪ মি. গভীর)
ক্ষুদ্রতম নদী	গোবরা নদী (মাত্র ৪ কিমি)
সবচেয়ে খরস্রোতা নদী	কর্ণফুলী

প্রধান নদী

যে সকল নদী অন্য কোন নদী থেকে সৃষ্টি হয় না বরং কোনো প্রাকৃতিক উৎস থেকে (হিমবাহ, পর্বত, ঝর্না) সৃষ্টি হয়, তাদেরকে বলা হয় প্রধান নদী। যেমন; পদ্মা নদী গঙ্গোত্রী হিমবাহ থেকে সৃষ্ট। নদীর প্রশস্ত মোহনাকে খাড়ি বলে। দুটি নদী মিলিত হওয়াকে নদী সঙ্গম বলে।

BCS Spotlight

Scanned by CamScanner

শাখা নদী ও উপনদী

যে সকল নদী অন্য কোনো নদী থেকে সৃষ্টি হয়, তাকে শাখা নদী বলে। যেমন; বুড়িগঙ্গা হচ্ছে ধলেশ্বরীর শাখা নদী। যে সকল নদী অন্য কোন নদীতে গিয়ে মেশে, তাকে উপনদী বলে। যেমন; পুনর্ভবা, নাগর, টাঙ্গন নদী গিয়ে মহানন্দায় মিশেছে বলে এরা মহানন্দার উপনদী।

আন্তসীমান্ত নদী বা অভিন্ন নদী
Transboundary River

আন্তঃসীমান্ত নদী এমন ধরনের নদী যা এক বা একাধিক দেশের রাজনৈতিক সীমা অতিক্রম করে। বাংলাদেশ হতে ভারতে প্রবেশকারী নদী ১টি (কুলিখ)। বাংলাদেশ হতে ভারতে গিয়ে পুনরায় বাংলাদেশে প্রবেশ করেছে আত্রাই, পুনর্ভবা এবং ট্যাঙ্গন ।

বাংলাদেশের ...

আন্তসীমান্ত নদী	সংখ্যা	সূত্র
মোট	৫৮ টি	বাংলা পিডিয়া
	৫৭ টি	যৌথ নদী কমিশন বাংলাদেশ
ভারত-বাংলাদেশ	৫৫ টি	বাংলা পিডিয়া
	৫৪ টি	যৌথ নদী কমিশন
মিয়ানমার-বাংলাদেশ	৩টি নদী (সাঙ্গু, মাতামুহুরী ও নাফ)	

শিকস্তি এবং পয়স্তি (Alluvion and Diluvion)

নদী ভাঙনের ফলে অঞ্চল বিশেষে শত শত গ্রাম বিলীন হয়ে যায়। মানুষ পরিণত হয় উদ্বাস্তুতে। এ উদ্বাস্তুরা নতুন আশ্রয় খোঁজে। অপেক্ষায় থাকে আবার কখন ভেঙে যাওয়া জনপদ নদীগর্ভ থেকে জেগে উঠবে। নদীর এ জেগে উঠাকে বলা হয় নদী শিকস্তি। জনপদ নদীতে বিলীন হয়ে যাওয়াকে বলে নদী পয়স্তি।

বাংলাদেশ নদী গবেষণা ইনস্টিটিউট

নদী গবেষণা ইন্সটিটিউট পানিসম্পদ মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশের একটি জাতীয় প্রতিষ্ঠান। এটি ফরিদপুরে অবস্থিত।

যৌথ নদী কমিশন (Joint River Commission)

১৯৭২ সালে গঠিত হয় ভারত-বাংলাদেশ যৌথ নদী কমিশন। কার্যবিধি অনুসারে যৌথ নদী কমিশনের কার্যক্রমসমূহ হচ্ছে বন্যা নিয়ন্ত্রণ কার্যক্রম প্রণয়ন করা এবং যৌথ প্রকল্প বাস্তবায়নে সুপারিশ করা, আগাম বন্যা সতর্কীকরণ, বন্যা পূর্বাভাস এবং ঘূর্ণিঝড় সতর্কীকরণ প্রস্তাবনা প্রণয়ন করা।

MCQ Solution

১. উপনদী ও শাখানদীসহ বাংলাদেশের নদীর মোট দৈর্ঘ্য প্রায় -[জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (প্রত্নতত্ত্ব) : ১২-১৩]

ক ৩০২৫ কি মি খ ২০১৫ কি মি
গ ২২,১৫৫ কি মি ঘ ২৭৩২ কি মি উত্তরঃ

ব্যাখ্যা: উপনদী ও শাখানদী সহ বাংলাদেশের মোট নদীর দৈর্ঘ্য প্রায় ২৪,১৪০ কি.মি।

২. বাংলাদেশের বৃহত্তম নদী - [১১তম বিসিএস / সহকারী থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা : ১৫]

ক পদ্মা খ মেঘনা
গ যমুনা ঘ গোমতী উত্তরঃ খ

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

৩. বাংলাদেশের দীর্ঘতম নদী – [৩৭তম বিসিএস/ আনসার ও ভিডিপি অধিদপ্তরের সার্কেল অ্যাসিস্টেন্ট : ১৫/ বেসরকারী ব্যাংক পি. অফিসার (ক্যাশ) : ১৪]

Or,

Longest river in Bangladesh- [Sonali Bank Ltd. Officer(Cash): 13/ IBBL Probationary Officer: 10]

ক মেঘনা খ যমুনা
গ পদ্মা ঘ কর্ণফুলী

উত্তর: ক

৪ **Which one is the widest river in Bangladesh?** [RAKUB Senior Officer : 11/ Mutual Trast Bank Ltd. MTO : 11/ National Bank Ltd. MTO : 10]

Or,

বাংলাদেশের প্রশস্ততম নদী কোনটি? [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (বাগানবিলাস) : ১২ / পাসপোর্ট ও ইমিগ্রেশন অধিদপ্তরের সহকারী পরিচালক : ০৭/ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা : ০৬ / যোগাযোগ মন্ত্রণালয়ের অধীন প্রশাসনিক কর্মকর্তা : ০৬]

ⓐ The Jamuna ⓑ The Meghna
ⓒ The Surma ⓓ The Padma
ⓔ None of these

Ans. b

৫. বাংলাদেশের সবচেয়ে নাব্য নদী কোনটি? [জাতীয় সংসদে সচিবালয়ে সহকারী গবেষণা অফিসার : ০৬/ থানা শিক্ষা অফিসার : ৯৬]

ক পদ্মা খ মেঘনা
গ যমুনা ঘ কর্ণফুলী

উত্তর: খ

৬. বাংলাদেশের গভীরতম নদী কোনটি? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (বুড়িগঙ্গা) : ১৩/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (কক্স) : ১০ / প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (রাজশাহী বিভাগ) : ০৭]

ক যমুনা খ মেঘনা
গ পদ্মা ঘ ধলেশ্বরী

উত্তর: খ

৭. বাংলাদেশের সবচেয়ে খরস্রোতা নদী কোনটি? [পরিবেশ অধিদপ্তরের সহ-পরিচালক : ০৭/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (কুল বিভাগ) : ০৭ / উপজেলা ও থানা শিক্ষা অফিসার : ০৫ / প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক : ০২]

ক সুরমা খ কর্ণফুলী
গ তিস্তা ঘ মেঘনা

উত্তর: খ

৮. ভারত বাংলাদেশ অভিন্ন নদী কয়টি? [কারিগরি শিক্ষা অধিদপ্তরের অধীনে ইনস্ট্রাক্টর (নন টেক) : ০৫]

ক ৩৪ খ ৪০
গ ৫০ ঘ ৫৪

উত্তর: ঘ

৯. ভারত থেকে কতগুলি আর্ন্তজাতিক নদী বাংলাদেশে প্রবেশ করেছে? [পাবলিক সার্ভিস কমিশনে সহকারী পরিচালক : ০৪]

ক ৫৪ টি খ ১ টি
গ ৩ টি ঘ ২৮ টি

উত্তর: ক

১০. মিয়ানমার হতে কটি নদী বাংলাদেশে প্রবেশ করেছে? [দুর্নীতি দমন কমিশনের উপ-সহকারী পরিচালক : ১০]

ক ১টি খ ২টি
গ ৩টি ঘ ৪টি

উত্তর: গ

১১. কোন নদী বাংলাদেশ হতে ভারতে প্রবেশ করেছে? [পিএসসি কর্তৃক নির্ধারিত ১২টি পদ : ০১]

ক যমুনা খ তিস্তা
গ আত্রাই ঘ মহানন্দা

উত্তর: ঘ

BCS Spotlight

Scanned by CamScanner

১২. কোন নদীটি বাংলাদেশ থেকে ভারতে গিয়ে আবার বাংলাদেশে প্রবেশ করেছে? [শাহজালাল বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৮-০৯]
ক হাড়িয়াভাঙ্গা খ কুলিখ
গ আত্রাই ঘ তিস্তা
উত্তর: গ

১৩. বাংলাদেশে কয়টি নদ আছে? [মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের অধীন জুনিয়র অডিটর : ১৪]
ক ১টি খ ২টি
গ ৩টি ঘ ৪টি
উত্তর: ঘ

১৪. কোনটি নদ? [উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা : ১০/ উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা : ১০]
ক মেঘনা খ যমুনা
গ তিস্তা ঘ ব্রহ্মপুত্র
উত্তর: ঘ

১৫. কোনটি নদ নয়? [কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইনান্স এর কার্যালয়ের অধীন অডিটর : ১৪]
ক ব্রহ্মপুত্র খ কপোতাক্ষ
গ সিন্ধু ঘ মেঘনা
উত্তর: ঘ

১৬. প্রশস্ত মোহনাকে বলা হয়– [রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (হাসনাহেনা) : ১১]
ক মোহনা খ খাড়ি
গ উৎস ঘ নদী সঙ্গম
উত্তর: খ

১৭. সিকস্তি-পয়স্তি কিসের সাথে সম্পর্কিত? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ভূবিজ্ঞান বিভাগ) : ০৯-১০]
ক চর প্রশাসনের আইন খ নদী তীরবর্তী ভূমির ভাঙা গড়া
গ নদী অববাহিকার উৎসব ঘ শিবের স্ত্রীর নাম
উত্তর: খ

১৮. 'নদী শিকস্তি কারা? [তিস্তা উন্নয়ন বোর্ডের কর্মকর্তা : ১৭]
ক নদীর চর জাগলে যারা চর দখল করতে যায় খ পূজা-পার্বণে যারা নদীতে স্নান করতে যায়
গ নদীর ভাঙনে সর্বস্বান্ত জনগণ ঘ নদীতে জাল দিয়ে মাছ ধরার কাজে নিয়োজিত জনগণ
উত্তর: গ

১৯. বাংলাদেশের নদী গবেষণা ইনস্টিটিউট কোথায়? [৩০তম বিসিএস / বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (ইউনিট ই): ১৩-১৪/ রাজশাহী বিশ্ববিদ্যালয় (মার্কেটিং) : ০৭-০৮/ গুপ্ত সংকেত পরিদপ্তরের সাইফার অফিসার : ০৫]
ক ফরিদপুর খ চাঁদপুর
গ চট্টগ্রাম ঘ নারায়ণগঞ্জ
উত্তর: ক

২০. ভারত-বাংলাদেশ যৌথ নদী কমিশন গঠিত হয় – [শ্রম অধিদপ্তরে উপসহকারী পরিচালক (শ্রম) : ০১]
ক ১৯৭২ সালে খ ১৯৭৪ সালে
গ ১৯৮৫ সালে ঘ ১৯৯১ সালে
উত্তর: ক

২১. ভারত-বাংলাদেশ যৌথ নদী কমিশনের অন্যতম প্রধান লক্ষ্য – [১২তম বিসিএস]
ক দু'দেশের নদীগুলোর নাব্যতা বৃদ্ধি খ দু'দেশের নদীগুলোর পলিমাটি অপসারণ
গ বন্যা নিয়ন্ত্রণে দু'দেশের মধ্যে সহযোগিতা ঘ দু' দেশের নৌ-পরিবহন ব্যবস্থার উন্নয়ন
উত্তর: গ


বাংলাদেশের প্রধান নদীসমূহের দৈর্ঘ্য

নদী	দৈর্ঘ্য	নদী	দৈর্ঘ্য
নাফ	৫৬ কি.মি.	পশুর	১৪২ কি.মি.
কর্ণফুলী	৩২০ কি.মি.	তিস্তা	১৭৭ কি.মি.
সাঙ্গু	২০৮ কি.মি.	মাতামুহুরী	১২০ কি.মি.

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

পদ্মা নদী

পদ্মা নদী ভারতে গঙ্গা এবং বাংলাদেশে পদ্মা নামে পরিচিত। গঙ্গা নদীর মূল প্রবাহ রাজশাহী অঞ্চলের দক্ষিণ-পশ্চিম প্রান্তে গঙ্গা নদীটি পদ্মা নামে প্রায় ১৪৫ কি.মি. পর্যন্ত পশ্চিমবঙ্গ এবং বাংলাদেশের সীমানা বরাবর এসে কুষ্টিয়ার উত্তর-পশ্চিম প্রান্তে বাংলাদেশে প্রবেশ করেছে। কলকাতা বন্দরকে পলির হাত থেকে রক্ষার উদ্দেশ্যে ভারত কর্তৃক বাংলাদেশ সীমান্তের প্রায় ১৮ কি.মি উজানে গঙ্গা নদীতে মনোহরপুরের কাছে নির্মিত হয় ফারাক্কা বাঁধ। ১৯৭৪ সালে এ বাঁধের নির্মাণ কাজ শেষ হয়। ১৯৭৫ সালে ভারত পরীক্ষামূলকভাবে বাঁধটি চালু করে। ফারাক্কা বাঁধের কারণে বাংলাদেশের উত্তর পশ্চিমাঞ্চলে বন্যার প্রকোপ বৃদ্ধি পায়। ১৯৭৭ সালে ভারত-বাংলাদেশ ফারাক্কায় জলবণ্টনের ওপর ৫ বছর মেয়াদি একটি চুক্তি স্বাক্ষর করে। পরবর্তীতে দুই দেশের মধ্যে ১৯৮২ সালে ২ বছর মেয়াদি এবং ১৯৮৫ সালে ৩ বছর মেয়াদি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। পরিশেষে ১৯৯৬ সালের ১২ ডিসেম্বর বাংলাদেশ সরকার ভারতের সঙ্গে ৩০ বছর মেয়াদি গঙ্গার পানি বণ্টন চুক্তিতে উপনীত হতে সক্ষম হয়। চুক্তিটি ভারতের নয়াদিল্লিতে স্বাক্ষরিত হয়।



ফারাক্কা বাঁধ

ব্রহ্মপুত্র ও যমুনা

ব্রহ্মপুত্র একটি আন্তর্জাতিক নদী। এর অববাহিকা অঞ্চল চীন (তিব্বত), ভারত এবং বাংলাদেশের বিস্তীর্ণ এলাকা জুড়ে। আসামের হিমালয় অঞ্চলে ব্রহ্মপুত্র দিহাঙ নামে পরিচিত। এটিই বাংলাদেশের নদীগুলোর মধ্যে সবচেয়ে দীর্ঘপথ অতিক্রম করেছে। ব্রহ্মপুত্র নদ বহু নদীখাত সম্বলিত একটি নদ। এর ধরনেও রয়েছে বিভিন্নতা যেমন- বিনুনী, সর্পিল। ব্রহ্মপুত্র নদ কুড়িগ্রাম জেলার ভিতর দিয়ে বাংলাদেশে প্রবেশ করে। ১৭৮৭ সালের পূর্বে ব্রহ্মপুত্রের প্রধান ধারাটি ময়মনসিংহের মধ্যে দিয়ে উত্তর-পশ্চিম দিক থেকে দক্ষিণ-পূর্ব দিকে প্রবাহিত হতো। কিন্তু ১৭৮৭ সালে সংঘটিত ভূমিকম্পে ব্রহ্মপুত্রের তলদেশ উত্থিত হওয়ায় নতুন স্রোতধারা শাখা নদীর তৈরি হয়। নতুন স্রোতধারাটি যমুনা নামে পরিচিত। এটি দক্ষিণে গোয়ালন্দ পর্যন্ত যমুনা নামে পরিচিত। বাংলাদেশের সবচেয়ে বেশি চর আছে যমুনা নদীতে।

মেঘনা

আসামের বরাক নদী নাগা-মনিপুর অঞ্চল থেকে উৎপন্ন হয়ে সুরমা এবং কুশিয়ারা নাম দুটি শাখায় বিভক্ত হয়ে বাংলাদেশের সিলেট জেলায় প্রবেশ করেছে। হবিগঞ্জের আজমিরীগঞ্জের কাছে উত্তর সিলেটের সুরমা এবং দক্ষিণ সিলেটের কুশিয়ারা এবং কালনি নদী একসঙ্গে মিলিত হয়েছে। পরে মিলিত প্রবাহ কালনী নামে দক্ষিণে কিছুদূর প্রবাহিত হয়ে মেঘনা নাম ধারণ করেছে। মেঘনা কিশোরগঞ্জের ভৈরববাজারের নিকট পুরাতন ব্রহ্মপুত্রের সাথে মিলিত হয়ে দক্ষিণ পশ্চিমে প্রবাহিত হয়েছে এবং চাঁদপুরের কাছে পদ্মার সাথে মিলিত হয়ে মেঘনা নাম ধারণ করে বঙ্গোপসাগরের পতিত হয়েছে। বাংলাদেশের সিলেট সীমান্ত থেকে প্রায় ১০০ কি.মি. পূর্বে ভারতের মণিপুর রাজ্যের টিপাইমুখ নামক স্থানে বরাক ও তুইভাই নদীর সংযোগস্থলে ভারত সরকার একটি বাঁধ নির্মাণের পরিকল্পনা হাতে নিয়েছে। এই বাঁধ নির্মিত হলে বাংলাদেশে এর বিরূপ প্রতিক্রিয়া হতে পারে বলে আশঙ্কা করা হচ্ছে।



টিপাইমুখ বাঁধ

Scanned by CamScanner

অন্যান্য নদী

বাংলাদেশ ও মায়ানমারকে বিভক্তকারী নদী নাফ। বাংলাদেশ ও ভারতকে বিভক্তকারী নদী (সুন্দরবনে) হাড়িয়াভাঙ্গা। এশিয়ার সর্ববৃহৎ 'প্রাকৃতিক মৎস্য প্রজনন কেন্দ্র' হালদা। এই নদী থেকে বাণিজ্যিক ভিত্তিতে মাছের রেণু পোনা সংগ্রহ করা হয়। গোমতী নদীতে জোয়ার-ভাটা হয়না। বাংলাদেশের সবচেয়ে দূষিত নদী ঢাকার বুড়িগঙ্গা।

MCQ Solution

১. গঙ্গা নদী বাংলাদেশের প্রবেশ করে কোন নামে পরিচিত হয়েছে? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (খ-ইউনিট) : ০৮-০৯]
ক গোমতি খ সুরমা
গ বুড়িগঙ্গা ঘ পদ্মা
উত্তর: ঘ

২. বাংলাদেশের কোন নদীর উজানে ভারত ফারাক্কা বাঁধ নির্মাণ করেছে? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সাংবাদিকতা এবং গণমাধ্যম) : ১৩-১৪ / কারিগরি শিক্ষা অধিদপ্তরের অধীনে চীফ ইন্সট্রাক্টর (নন্টেক) : ০৫ / প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ৯৩]
ক যমুনা খ মেঘনা
গ গংগা ঘ পদ্মা
উত্তর: ঘ

৩. ফারাক্কা বাঁধ তৈরি করা হয়েছে কোন নদীর উপর? [শিল্প মন্ত্রণালয়ের অধীন বিসিআইসি'র সহকারী ব্যবস্থাপক (প্রশাসন) : ১১]
ক মেঘনা খ পদ্মা
গ যমুনা ঘ গঙ্গা
উত্তর: ঘ

৪. 'ফারাক্কা বাঁধ' পরীক্ষামূলকভাবে চালু হয়েছিল কোন সালে? [প্রধানমন্ত্রীর কার্যালয়ে পার্সোনাল অফিসার : ০৪]
ক ১৯৭৪ খ ১৯৭৫
গ ১৯৭৬ ঘ ১৯৮০
উত্তর: খ

৫. ফারাক্কা বাঁধ চালু হয় কবে? [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের পাসপোর্ট ও ইমিগ্রেশন অধিদপ্তরের সহকারী পরিচালক : ০৭]
ক ১৯৭৫ খ ১৯৬৯
গ ১৯৭০ ঘ ১৯৭৩
উত্তর: ক

৬. ফারাক্কা বাঁধ বাংলাদেশের সীমান্ত থেকে কত দূরে অবস্থিত? [১৩তম বিসিএস/ পল্লী বিদ্যুতায়ন বোর্ড সহকারী সচিব/সহকারী পরিচালক (প্রশাসন) : ১৩/ ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৬-০৭/বাংলাদেশ রোডট্রান্সপোর্ট অথরিটির মোটর পরিদর্শক : ০৫]
ক ২৪.৭ কিলোমিটার খ ২১.০ কিলোমিটার
গ ১৯.৩ কিলোমিটার ঘ ১৬.৫ কিলোমিটার
উত্তর:

৭. ফারাক্কা বাঁধের কারণে বাংলাদেশের উত্তর পশ্চিমাঞ্চলে কি প্রতিক্রিয়া দেখা দিয়েছে? [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক : ৯৩]
ক গ্রিন হাউজ প্রভাব খ জমির উর্বরতা বৃদ্ধি
গ অতিবৃষ্টি ঘ বন্যার প্রকোপ বৃদ্ধি
উত্তর: ঘ

৮. এখন পর্যন্ত ফারাক্কার ওপর কয়টি চুক্তি স্বাক্ষরিত হয়েছে? [ঢাকা বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা (খ ইউনিট : ০০-০১]
ক ২ খ ৩
গ ৪ ঘ ৫
উত্তর: ক

৯. গঙ্গার পানি বন্টন চুক্তি প্রথম কোন সনে স্বাক্ষরিত হয়? [নির্বাচন কমিশন সচিবালয়ে জেলা নির্বাচন অফিসার : ০৪]
ক ১৯৭৬ খ ১৯৭৭
গ ১৯৭৮ ঘ ১৯৮০
উত্তর: খ

BCS Spotlight

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

১০. ভারতের সঙ্গে বাংলাদেশে পানি চুক্তি কোথায় স্বাক্ষরিত হয়? [২১তম বিসিএস/ পরিবার পরিকল্পনা অধিদপ্তরের সহকারী পরিকল্পনা কর্মকর্তা : ১২]

ক দার্জিলিং খ কলকাতা
গ নয়াদিল্লি ঘ ঢাকা **উত্তর: গ**

১১. **When was the water treaty signed between Bangladesh and India?** [Sonali Bank Ltd. Senior Officer : 13]

Or,

বাংলাদেশ-ভারত পানিচুক্তি (গঙ্গার পানিবণ্টন চুক্তি) স্বাক্ষরিত হয়েছে কবে? [সহকারী থানা শিক্ষা অফিসার : ০৯ / ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৫-০৬ / প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (চট্টগ্রাম বিভাগ) : ০৫]

ⓐ 26 March, 1944 ⓑ 12 December, 1996
ⓒ 17 March, 1995 ⓓ 16 December, 1997 **Ans.** b

১২. সর্বশেষ ফারাক্কা পানিবণ্টন চুক্তি কখন স্বাক্ষরিত হয়? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৫-০৬]

ক ১২ ডিসেম্বর, ১৯৯৬ খ ২৩ মার্চ, ১৯৯৭
গ ১৪ ডিসেম্বর, ১৯৯৮ ঘ ৩১ জানুয়ারি, ২০০১ **উত্তর: ক**

১৩. কোন তারিখে ভারত-বাংলাদেশ পানি চুক্তি কার্যকর হয়? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঘ-ইউনিট) : ০৮-০৯ / ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৪-০৫]

ক ১২ ডিসেম্বর ১৯৯৬ খ ২৪ ডিসেম্বর ১৯৯৬ গ ৩১ ডিসেম্বর ১৯৯৬
ঘ ১ জানুয়ারি ১৯৯৭ ঙ ১২ ডিসেম্বর ১৯৯৭ **উত্তর: ক**

১৪. ভারত-বাংলাদেশ (গঙ্গা নদীর) পানি চুক্তির মেয়াদ- [২২তম বিসিএস / সমাজসেবা অধিদপ্তরের উপজেলা সমাজসেবা অফিসার : ০৬/ কারিগরি শিক্ষা অধিদপ্তরের অধীনে চীফ ইন্সট্রাক্টর (নন্টেক) : ০৫ / দুর্নীতি দমন ব্যুরোর পরিদর্শক : ০৩]

ক ২০ বছর খ ২৫ বছর
গ ৩০ বছর ঘ ৩৫ বছর **উত্তর: গ**

১৫. কোনটি আন্তর্জাতিক নদী? [মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ১১]

ক সুরমা খ কপোতাক্ষ
গ ব্রহ্মপুত্র ঘ মেঘনা **উত্তর: গ**

১৬. প্রায় সাড়ে তেরো কোটি বছর আগেও বাংলাদেশে একটি নদী প্রবাহমান ছিল, কোন নদী? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৪ - ১৫]

ক ব্রহ্মপুত্র খ লুসাই
গ সুরমা ঘ তিস্তা **উত্তর: ক**

১৭. ব্রহ্মপুত্র নদ একটি – [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (প্রত্নতত্ত্ব) : ১৩-১৪]

ক আঁকাবাঁকা নদী খ উপনদী
গ শাখানদী ঘ বিনুনী সদৃশ নদী **উত্তর: ঘ**

১৮. ব্রহ্মপুত্র নদ কোন দেশের ভিতর দিয়ে প্রবাহিত নয়? [জাতীয় বিশ্ববিদ্যালয় (মানবিক) : ০৭-০৮]

ক ভারত খ বাংলাদেশ
গ নেপাল ঘ চীন **উত্তর: গ**

১৯. বাংলাদেশের নদীগুলির মধ্যে সবচেয়ে দীর্ঘপথ অতিক্রম করেছে কোনটি? [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীনে প্রশাসনিক কর্মকর্তা ও ব্যক্তিগত কর্মকর্তা : ০৬]

ক ব্রহ্মপুত্র খ পদ্মা
গ মেঘনা ঘ যমুনা **উত্তর: ক**

BCS Spotlight

Scanned by CamScanner

২০. কোন স্থানে ব্রহ্মপুত্র নদ যমুনা ও পুরাতন ব্রহ্মপুত্র নদে বিভক্ত হয়েছে? [উপজেলা একাডেমিক সুপারভাইজার : ১৫/ সহকারী জজ : ০৯]

ক জামালপুর খ কুড়িগ্রাম
গ দেওয়ানগঞ্জ ঘ সিরাজগঞ্জ
উত্তর: গ

২১. পুরাতন ব্রহ্মপুত্র নদটি কোন জেলার উপর দিয়ে প্রবাহিত? [পররাষ্ট্র মন্ত্রণালয়ের অধীনে প্রশাসনিক কর্মকর্তা : ০১]

ক জামালপুর খ সিরাজগঞ্জ
গ মানিকগঞ্জ ঘ ময়মনসিংহ
উত্তর: ঘ

২২. **What is the name of the Meghna at its origin?** [Pubali Bank Ltd. Junior Officer (Cash): 13]

Or,

উৎপত্তিস্থলে মেঘনার নাম কি? [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১২- ১৩]

ⓐ Manash ⓑ Lushai
ⓒ The Barak ⓓ Gumti
ⓔ None of them
Ans. c

২৩. কোন নদীর ভারতীয় অংশের নাম বরাক? [বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের উপ-সহকারী : ১২]

ক পদ্মা খ মেঘনা
গ যমুনা ঘ তিস্তা
উত্তর: খ

২৪. **'*Tipaimukh Dam*' is located in which of the following state of India?** [Bangladesh Krishi Bank Senior Officer : 12/ BASIC Bank Assistant Officer: 09]

Or,

টিপাইমুখ বাঁধ ভারতের কোন রাজ্যে অবস্থিত? [বরিশাল বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৪-১৫/ রাজশাহী বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১৩-১৪/ বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক : ১৪/ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর পরিসংখ্যান জুনিয়র অ্যাসিসটেন্ট অফিসার : ১৪/ জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১২-১৩/ থানা শিক্ষা অফিসার : ১০]

ⓐ Assam ⓑ Manipur
ⓒ Mizoram ⓓ Kerala
Ans. b

২৫. **On which river is the '*Tipaimukh Dam*' going to be built?/ টিপাইমুখ বাঁধ কোন নদীর উপর নির্মিত হবে?** [Trust Bank Ltd. MTO : 11]

ⓐ The Tipa ⓑ The Tip ⓒ the Meghna
ⓓ the Barak ⓔ None of these
Ans. d

২৬. টিপাইমুখ বাঁধ বাংলাদেশের কোন নদীর উজানে নির্মিত? [মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের অধীন জুনিয়র অডিটর : ১৪/ সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা : ১২/ খাদ্য অধিদপ্তরে খাদ্য পরিদর্শক : ১১ / বাংলাদেশ টেলিভিশন-এর প্রযোজক : ০৬]

ক পদ্মা খ সুরমা
গ বরাক ঘ কর্ণফুলী
উত্তর: গ

২৭. প্রস্তাবিত টিপাইমুখ বাঁধটি যে দুই নদীর সংযোগস্থলে তৈরি করার সিদ্ধান্ত নেয়া হয়েছে - [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৯-১০]

ক বরাক, তুইভাই খ সুরমা, কুশিয়ারা
গ খোয়াই, কুশিয়ারা ঘ সুরমা, বরাক
উত্তর: ক

BCS Spotlight

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

২৮. **On which river is Tipaimukh where India is going to build a mega dam?** [Mutual Trust Bank Ltd. MTO : 14]

Or,

টিপাইমুখ বাঁধ নির্মাণের পরিকল্পনা কোন নদীতে– [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১১ - ১২]

ⓐ The Barak ⓑ The Teesta
ⓒ The Jamuna ⓓ The Naf
ⓔ None of these **Ans:** a

২৯. ***Tipaimukh Badh* was built in-** [Sadharan Bima Corporation Junior Officer : 09]

ⓐ 2004 ⓑ 2005 ⓒ 2006
ⓓ 2007 ⓔ None of these **Ans.** e

৩০. **What is the name of the river Meghna at the place of its origin?** [Bangladesh Development Bank Ltd. officer : 14]

ⓐ Borak ⓑ Surma
ⓒ Lusai ⓓ Kushiara **Ans**: c

৩১. সুরমা ও কুশিয়ারা এ দুটি নদীর মিলিত স্রোতের নাম কি? [জাতীয় বিশ্ববিদ্যালয় (বিজ্ঞান শাখা) : ১৩ - ১৪/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (কপোতাক্ষ) : ১০ / বাংলাদেশ টেলিভিশনের অডিয়েন্স রিসার্চ অফিসার : ০৬]

ⓚ কুশিয়ারা ⓛ বরাক
ⓜ মেঘনা ⓝ নবগঙ্গা **উত্তর:** গ

৩২. সুরমা ও কুশিয়ারা নদী মেঘনা নাম ধারণ করার পূর্বে কোন জেলায় পরস্পরের সাথে মিলিত হয়? [দুর্নীতি দমন কমিশনের সহকারী পরিচালক : ১৩]

ⓚ কিশোরগঞ্জ ⓛ সিলেট ⓜ ব্রাহ্মণবাড়িয়া
ⓝ সুনামগঞ্জ ⓞ কোনোটিই নয় **উত্তর:** ঙ

৩৩. বাংলাদেশের কোথায় সুরমা ও কুশিয়ারা নদী মিলিত হয়ে মেঘনা নাম ধারণ করেছে? [২৬তম বিসিএস/ ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০২-০৩]

ⓚ ভৈরব ⓛ চাঁদপুর
ⓜ দেওয়ানগঞ্জ ⓝ আজমিরীগঞ্জ **উত্তর:** ঘ

৩৪. বাংলাদেশ ও মায়ানমার (বার্মা) কোন নদী দ্বারা বিভক্ত? [৩৪তম বিসিএস / ১৫তম বিসিএস/ স্থানীয় সরকার জনস্বাস্থ্য প্রকৌশল উপসহকারী : ১৫/ উপজেলা একাডেমিক সুপারভাইজার : ১৫/ ঢাকা বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৪ -১৫]

Or,

Which river divides Bangladesh and Myanmar? [Bangladesh Forest Industry Development Corporation Assistant Manager : 13/ Dhaka Bank Ltd. MTO : 11]

ⓚ নাফ ⓛ কর্ণফুলী
ⓜ নবগঙ্গা ⓝ ভাগীরথী **উত্তর:** ক

৩৫. বাংলাদেশ ও মিয়ানমারের মধ্যে বাণিজ্যের জন্য কোন নদী পার হতে হয়? [সমাজসেবা অধিদপ্তরের সমাজসেবা অফিসার : ১০]

ⓚ নাফ ⓛ কর্ণফুলী
ⓜ ডাকাতিয়া ⓝ মুহুরি **উত্তর:** ক

BCS Spotlight

Scanned by CamScanner

৩৬. **The river Naf runs in Bangladesh along the border of-/ নাফ নদী বাংলাদেশের কোন সীমান্ত বরাবর প্রবাহিত?** [Eastern Bank Ltd. Officer : 05]

ⓐ India ⓑ Nepal
ⓒ Myanmar ⓓ Thailand
ⓔ None of these

Ans. c

৩৭. **বাংলাদেশ ও মিয়ানমারকে বিভক্তকারী 'নাফ' নদীর দৈর্ঘ্য কত?** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীন ৩য় সংকেত পরিদপ্তরের সাইফার অফিসার : ০৫]

ⓚ ৫০ কি.মি. ⓛ ৭৫ কি.মি.
ⓜ ৫৬ কি.মি. ⓝ ৬৫ কি.মি.

উত্তর: গ

৩৮. **বাংলাদেশের কোন নদী থেকে বাণিজ্যিক ভিত্তিতে মাছের রেণু পোনা সংগ্রহ করা হয়?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৭-০৮]

ⓚ হালদা ⓛ তিস্তা
ⓜ তিতাস ⓝ করতোয়া

উত্তর: ক

৩৯. **এশিয়ার সর্ববৃহৎ প্রাকৃতিক মৎস্য প্রজনন কেন্দ্র কোনটি?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (নৃবিজ্ঞান বিভাগ) : ০৫-০৬]

ⓚ হালদা নদী ⓛ হাইল হাওড়
ⓜ চলনবিল ⓝ হাকালুকি

উত্তর: ক

৪০. **'হালদা নদী' কি জন্য বিখ্যাত?** [কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইনান্স- এর কার্যালয়ের অধীন জুনিয়র অডিটর : ১৪]

ⓚ প্রচুর ইলিশ ⓛ খরস্রোত
ⓜ নদী বন্দর ⓝ মৎস্য প্রজনন

উত্তর: ঘ

৪১. **নিচের কোন নদীটি মৃত নয়?** [সঞ্চয় পরিদপ্তরের সহকারী পরিচালক : ০৭]

ⓚ করোতোয়া ⓛ চিত্রা
ⓜ ইছামতি ⓝ হালদা

উত্তর: ঘ

৪২. **সুন্দরবনে বাংলাদেশ ও ভারতের সীমানা নির্ধারণকারী নদী নিচের কোনটি?** [স্বাস্থ্য অধিদপ্তরের স্বাস্থ্য সহকারী : ১০]

ⓚ নাফ নদী ⓛ রায়মঙ্গল নদী
ⓜ হাড়িয়াভাঙ্গা নদী

উত্তর: গ


৪৩. **নিচের কোন নদীটিতে জোয়ার ভাঁটা হয় না?** [কৃষি মন্ত্রণালয়ের কৃষি অধিদপ্তরের উপসহকারী কৃষি কর্মকর্তা : ১১/ বাংলাদেশ গ্যাস ফিল্ড কোম্পানি সহকারী ব্যবস্থাপক]

ⓚ পদ্মা ⓛ কর্ণফুলী
ⓜ নাফ ⓝ গোমতী
ⓞ কোনোটিই নয়

উত্তর: ঘ

BCS Spotlight

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner



Scanned by CamScanner

বাংলাদেশের প্রধান নদীসমূহের উৎপত্তিস্থল

নদী	উৎপত্তিস্থল
পদ্মা	হিমালয় পর্বতের গঙ্গোত্রী হিমবাহ থেকে
মেঘনা	আসামের নাগা মণিপুর পাহাড়ের দক্ষিণে লুসাই পাহাড়
ব্রহ্মপুত্র	তিব্বতের হিমালয়ের কৈলাস শৃঙ্গের নিকটে মানস সরোবর হ্রদ থেকে
যমুনা	জামালপুর জেলার দেওয়ানগঞ্জের নিকট ব্রহ্মপুত্রের প্রধান শাখা যমুনা নামে দক্ষিণ দিকে প্রবাহিত হয়।
কর্ণফুলী	মিজোরাম লুসাই পাহাড়ের লংলেহ
সাঙ্গু [*]	আরাকান পাহাড়
করতোয়া, তিস্তা	সিকিমের পার্বত্য অঞ্চল
মাতামুহুরী	লামার মইভার পর্বত
মহুরী	ত্রিপুরার লুসাই পাহাড়
ফেনী	পার্বত্য ত্রিপুরার পাহাড়
গোমতি	ত্রিপুরা পাহাড়ের ডুমুর
খোয়াই	ত্রিপুরার আঠারমুড়া পাহাড়
সালদা	ত্রিপুরার পাহাড়
হালদা*	খাগড়াছড়ির বাদনাতলী পর্বতশৃঙ্গ
মনু	মিজোরামের পাহাড় থেকে
মহানন্দা	হিমালয় পর্বতমালার মহালদিরাম পাহাড়

[*] বাংলাদেশের অভ্যন্তরে উৎপত্তি ও সমাপ্তি নদী হালদা ও সাঙ্গু।

MCQ Solution

১. পদ্মা নদীর উৎপত্তি- [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ৯২]

ক হিমালয় পর্বতে খ লুসাই পাহাড়ে
গ হিমালয়ের মানস সরোবরে ঘ কোনোটিই নয়

উত্তর: ক

২. **Which river of Bangladesh originates in Tibet?/ বাংলাদেশের কোন নদীর উৎপত্তিস্থল তিব্বতে?** [EXIM Bank Ltd. Trainee Officer : 15]

ⓐ Brahmaputra ⓑ Tista
ⓒ Padma ⓓ Surma
ⓔ None of these

Ans. a

৩. ব্রহ্মপুত্র নদ হিমালয়ের কোন শৃঙ্গ থেকে উৎপন্ন হয়েছে? [১৩তম বিসিএস/ প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (দানিয়ুব) : ১৩/ দুর্নীতি দমন ব্যুরোর সহকারী উপ-পরিদর্শক : ০৪]

ক বরাইল খ কৈলাস
গ কাঞ্চনজঙ্ঘা ঘ গডউইন অস্টিন

উত্তর: খ

BCS Spotlight

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

৪. **The Brahmaputra river originated from-** [Pubali Bank Ltd. Senior Officer: 12]
Or,
ব্রহ্মপুত্র নদের উৎপত্তি স্থল কোথায়? [টেলিফোন বোর্ডের সহকারী পরিচালক : ৯৫]
ⓐ Himalayan peak ⓑ Mansorovar Lake (মানস সরোবর হ্রদ)
ⓒ The Ganges river ⓓ Alps ⓔ None of them **Ans. b**

৫. তিব্বতের মানস সরোবর হতে উৎপন্ন - [সমাজসেবা অধিদপ্তরের প্রবেশন অফিসার : ১৩]
ক সুরমা খ তিস্তা
গ ব্রহ্মপুত্র ঘ পদ্মা **উত্তর: গ**

৬. **What is the source of the river Karnaphuli?/ কর্ণফুলী নদীর উৎপত্তি কোথায়?** [Janata Bank Ltd Executive Officer : 12]
ⓐ Himalay ⓑ Sylhet ⓒ Lusai Hills
ⓓ Myanmar ⓔ None of them **Ans. c**

৭. কর্ণফুলী নদীর উৎপত্তিস্থল হলো - [সঞ্চয় পরিদপ্তরের সহকারী পরিচালক : ০৭ / জাতীয় সঞ্চয় পরিদপ্তরের সহকারী পরিচালক : ০৭ / ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৬-০৭ / তথ্য মন্ত্রণালয়ের অধীনে সহকারী পরিচালক : ০৪]
ক তিব্বতের মানস সরোবর হ্রদ খ লামার মইভার পর্বত
গ সিকিমের পার্বত্য অঞ্চল ঘ আসামের লুসাই পাহাড়ের লংলেহ **উত্তর: ঘ**

৮. কর্ণফুলি নদীর উৎস ভারতের কোন রাজ্যে? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (পদ্মা) : ১৩]
ক ত্রিপুরা খ মিজোরাম
গ মণিপুর ঘ মেঘালয় **উত্তর: খ**

৯. মাতামুহুরী নদী নিম্নের কোথা হতে উৎপন্ন হয়েছে? [স্বাস্থ্য অধিদপ্তরের স্বাস্থ্য সহকারী : ১০]
ক লামার মইভার পর্বত খ খাগড়াছড়ির বাদনাতলী পর্বত
গ আসামের লুসাই পর্বত **উত্তর: ক**

১০. নিচের কোন নদীটির উৎপত্তিস্থল বাংলাদেশে? [কৃষি অধিদপ্তরের উপসহকারী কৃষি কর্মকর্তা : ১১]
ক কর্ণফুলী খ নাফ গ হাড়িয়াভাঙ্গা
ঘ হালদা ঙ কোনোটিই নয় **উত্তর: ঘ**

১১. বাংলাদেশের জলসীমায় উৎপত্তি ও সমাপ্তি নদী কোনটি? [মেডিকেল : ০৭-০৮]
ক গোমতী খ মহানন্দা
গ কর্ণফুলী ঘ হালদা **উত্তর: ঘ**

১২. নিচের কোন নদীটি বাংলাদেশে উৎপত্তি হয়ে বঙ্গোপসাগরে পতিত হয়েছে? [প্রধানমন্ত্রীর কার্যালয়ে সহকারী পরিচালক : ১৫ / জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (প্রত্নতত্ত্ব) : ১২-১৩]
ক করতোয়া খ কর্ণফুলী
গ হালদা ঘ মাতামুহুরী **উত্তর: গ**

১৩. যে নদীটির উৎস ও সমাপ্তি বাংলাদেশের অভ্যন্তরে- [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৬-০৭]
ক মাতামুহুরী খ নাফ
গ কর্ণফুলী ঘ সাঙ্গু **উত্তর: ঘ**

১৪. আরাকান পাহাড় হতে উৎপন্ন নদী কোনটি? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (করতোয়া) : ১৩ / প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (বাগানবিলাস) : ১২ / পাবলিক সার্ভিস কমিশনে সহকারী পরিচালক : ০৪]
ক ফেনী নদী খ সাঙ্গু নদী
গ কর্ণফুলি নদী ঘ নাফ নদী **উত্তর: খ**

BCS Spotlight

Scanned by CamScanner

১৫. সিকিমের পর্বত থেকে বাংলাদেশের কোন নদীর উৎপত্তি হয়েছে? [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১১-১২]

ক মনু খ কর্ণফুলি
গ করতোয়া ঘ সাঙ্গু

উত্তর: গ

১৬. করতোয়া নদীর উৎপত্তিস্থল কোনটি? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৩ - ১৪]

ক হিমালয় পর্বত খ লুসাই পাহাড়
গ কৈলাস ঘ সিকিমের পার্বত্য অঞ্চল

উত্তর: ঘ

নদীসমূহের বাংলাদেশে প্রবেশের স্থান

নদীর নাম	যে জেলার ভিতর দিয়ে বাংলাদেশে প্রবেশ করেছে
পদ্মা	কুষ্টিয়া
মেঘনা	সিলেট
ব্রহ্মপুত্র	কুড়িগ্রাম
তিস্তা	নিলফামারী
কর্ণফুলী	পার্বত্য চট্টগ্রাম ও চট্টগ্রামের মধ্য দিয়ে

বিভিন্ন নদীর পূর্বনাম

নদীর নাম	অন্য নাম বা পূর্বের নাম	নদীর নাম	অন্য নাম বা পূর্বের নাম
পদ্মা	কীর্তিনাশা	ব্রহ্মপুত্র	লৌহিত্য
যমুনা	জোনাই নদী	বুড়িগঙ্গা	দোলাই নদী (দোলাই খাল)

MCQ Solution

১. The river Padma enters Bangladesh through-/ পদ্মা নদী কোন জেলার ভেতর দিয়ে বাংলাদেশে প্রবেশ করেছে? [Eastern Bank Ltd. Officer : 05]

ⓐ Khulna ⓑ Rajshahi
ⓒ Kushtia ⓓ Dinajpur
ⓔ None of these

Ans. c

২. ব্রহ্মপুত্র নদী কোন জেলার ভেতর দিয়ে বাংলাদেশে প্রবেশ করেছে? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (বুড়িগঙ্গা, দাজলা) : ১৩ / ইসলামী বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০২-০৩]

ক গাইবান্ধা খ নীলফামারী
গ ঠাকুরগাঁও ঘ কুড়িগ্রাম

উত্তর: ঘ

৩. কোন নদীর অপর নাম কীর্তিনাশা? [সহকারী উপ-খাদ্য পরিদর্শক : ১২/ যুব উন্নয়ন অধিদপ্তরের সহকারী পরিচালক : ১৯]

ক পদ্মা খ যমুনা
গ মেঘনা ঘ ব্রহ্মপুত্র

উত্তর: ক

৪. 'দোলাই' কোন নদীর পূর্বনাম? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (রাষ্ট্রবিজ্ঞান) : ০৭-০৮]

ক যমুনা খ পদ্মা
গ বুড়িগঙ্গা ঘ সুরমা

উত্তর: গ

BCS Spotlight

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

বাংলাদেশের প্রধান নদীসমূহের মিলিত হবার স্থান

নদীর নাম	মিলনস্থল	মিলিত হওয়ার পর নদীর নাম
পদ্মা ও যমুনা	গোয়ালন্দ (রাজবাড়ী), দৌলতদিয়া	পদ্মা
পদ্মা ও মেঘনা	চাঁদপুর	মেঘনা
কুশিয়ারা ও সুরমা	আজমিরীগঞ্জ, হবিগঞ্জ	কালনি ⟶ মেঘনা
পুরাতন ব্রহ্মপুত্র ও মেঘনা	ভৈরব বাজার	মেঘনা
বাঙালী ও যমুনা	বগুড়া	যমুনা
হালদা ও কর্ণফুলী	কালুরঘাট, চট্টগ্রাম	কর্ণফুলী
তিস্তা ও ব্রহ্মপুত্র (যমুনা)	চিলমারী, কুড়িগ্রাম	ব্রহ্মপুত্র

MCQ Solution

১. পদ্মা ও যমুনা কোথায় মিলিত হয়েছে? [২১তম বিসিএস/ মহাহিসাব নিরীক্ষক এবং নিয়ন্ত্রকের কার্যালয়ে অডিটর : ১৫ / বাংলাদেশ রেলওয়ের উপ-সহকারী প্রকৌশলী : ১৩/ আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সাব-রেজিস্ট্রার : ১২]

ক চাঁদপুর খ সিরাজগঞ্জ
গ গোয়ালন্দ ঘ ভোলা
উত্তর: গ

২. পদ্মা ও যুমনার নদী কোন স্থানে মিলিত হয়েছে? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (প্রত্নতত্ত্ব) : ১২-১৩]

ক দৌলতদিয়া ঘাট খ চাঁদপুর
গ ভৈরব বাজার ঘ চৈনিক সভ্যতা
উত্তর: ক

৩. বাংলাদেশে ঢুকার পর গঙ্গা নদী, ব্রহ্মপুত্র-যমুনার সাথে নিম্নোক্ত একটা জায়গায় মেশে- [১৭তম বিসিএস]

ক গোয়ালন্দ খ বাহাদুরাবাদ
গ ভৈরববাজার ঘ নারায়ণগঞ্জ
উত্তর: ক

৪. যমুনা নদী কোথায় পতিত হয়েছে? [১৪তম বিসিএস/ প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (ডেলটা) : ১৪/ প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (করতোয়া) : ১৩ / পরিবার পরিকল্পনা অধিদপ্তর হিসাব রক্ষক : ১১/ রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (শাপলা) : ১১]

ক পদ্মা খ বঙ্গোপসাগর
গ ব্রহ্মপুত্র ঘ মেঘনা
উত্তর: ক

৫. পদ্মা ও মেঘনা কোথায় মিলিত হয়েছে? [বরিশাল বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৪-১৫/ রাজশাহী বিশ্ববিদ্যালয় (ব্যবস্থাপনা) : ০৭-০৮/ জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর উপ-পরিচালক : ০৭/ শ্রম অধিদপ্তরের দ্বিতীয় শ্রেণিভুক্ত শ্রম কর্মকর্তা : ০৪]

ক সিরাজগঞ্জ খ গোয়ালন্দ
গ চাঁদপুর ঘ নগরবাড়ী
উত্তর: গ

৬. মেঘনা নদী ব্রহ্মপুত্রের সাথে মিলিত হয়েছে- [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (পদ্মা) : ১২ / প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (শরৎ) : ১০]

ক ভৈরব বাজারে খ চাঁদপুরের কাছে
গ গোয়ালন্দে ঘ নারায়ণগঞ্জে
উত্তর: ক

৭. তিস্তা নদী কোন নদীর সাথে মিলিত হয়েছে? [আনসার ও ভিডিপি অধিদপ্তরের সার্কেল অ্যাডজুটেন্ট : ০৫]

ক পদ্মা খ মেঘনা
গ যমুনা ঘ কর্ণফুলী
উত্তর: গ

BCS Spotlight

Scanned by CamScanner

৮. বাঙ্গালী ও যমুনা নদীর সংযোগ কোথায়? [২৫তম বিসিএস/ প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (যমুনা) : ১৩ / রাজশাহী বিশ্ববিদ্যালয় (দর্শন) : ০৭-০৮]

ক রাজশাহী খ পাবনা
গ বগুড়া ঘ সিরাজগঞ্জ
উত্তর: গ

৯. 'বাঙালি' নামের নদীটি বাংলাদেশের কোন জেলায় অবস্থিত? [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (নাগলিঙ্গম) : ১২ / প্রধানমন্ত্রীর কার্যালয়ে পার্সোনাল অফিসার : ০৪]

ক বগুড়া খ ফরিদপুর
গ গোপালগঞ্জ ঘ কুড়িগ্রাম
উত্তর: ক

নদী, উপনদী ও শাখা নদী (River, Distributary river & Tributary river)

নদীর নাম	উপনদী	শাখানদী
পদ্মা	মহানন্দা , পুনর্ভবা	কুমার, মাথাভাঙা, ভৈরব, গড়াই, মধুমতি, আড়িয়াল খাঁ
মহানন্দা	পুনর্ভবা, নাগর, ট্যাংগন ও কুলিখ	
মেঘনা	মনু, বাউলাই, তিতাস, গোমতী	
ব্রহ্মপুত্র	ধরলা ও তিস্তা	যমুনা, বংশী, শীতলক্ষ্যা
যমুনা	তিস্তা , করতোয়া ও আত্রাই	ধলেশ্বরী
কর্ণফুলী	হালদা, বোয়ালখালি, কাসালং, মাইনী	
ধলেশ্বরী		বুড়িগঙ্গা
ভৈরব		কপোতাক্ষ, শিবসা ও পশুর

MCQ Solution

১. পদ্মা নদীর উপনদী কোনটি? [বরিশাল বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১৪-১৫/ প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী : ১৩/ রাজশাহী বিশ্ববিদ্যালয় (অ-বাণিজ্য গ্রুপ, ব্যবস্থাপনা বিভাগ) ০৮-০৯/ ডাক ও টেলিফোন মন্ত্রণালয়ের টেলিফোন বোর্ডের সহকারী পরিচালক : ৯৫]

ক মধুমতি খ কুমার
গ আত্রাই ঘ মহানন্দা
উত্তর: ঘ

২. মহানন্দা কোন নদীর উপনদী? [প্রাক্‌প্রাথমিক সহকারী শিক্ষক (করতোয়া) : ১৩]

ক মেঘনা খ যমুনা
গ কর্ণফুলী ঘ পদ্মা
উত্তর: ঘ

৩. উত্তর-পূর্ব দিক থেকে আগত পদ্মার উপ-নদী কোনটি? [গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের থানা প্রকৌশলী, সিভিল ইঞ্জিনিয়ারিং : ৯৯]

ক পুনর্ভবা খ আত্রাই
গ বরাল ঘ মহানন্দা
উত্তর: ঘ

৪. কোনটি পদ্মার শাখা নদী? [অর্থ মন্ত্রণালয়ের অধীন প্রশাসনিক কর্মকর্তা : ০৪]

ক আড়িয়াল খাঁ খ ভৈরব
গ করতোয়া ঘ কর্ণফুলী
উত্তর: ক

BCS Spotlight

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

৫. পুনর্ভবা, নাগর ও টাঙ্গন কোন নদীর উপনদী? [২৫তম বিসিএস/ ১৪তম বিসিএস]
ক মহানন্দা খ ভৈরব
গ কুমার ঘ করাল উত্তর: ক

৬. পুনর্ভবা কোন নদীর উপনদী? [থানা সহকারী শিক্ষা অফিসার : ৯৫]
ক মহানন্দা খ ভৈরব
গ কুমার ঘ বড়াল উত্তর: ক

৭. **Which is the tributary of the river Padma?** [Probashi Kallyan Bank Ltd. Officer (cash) : 14]
ⓐ Tangon ⓑ Punarvaba
ⓒ Korotoa ⓓ Kopotaksha **Ans: b**

৮. শীতলক্ষ্যা নদী উৎপন্ন হয়েছে – [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (পদ্মা) : ১২/ রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (হাসনাহেনা) : ১১]
ক যমুনা নদী হতে খ মেঘনা নদী হতে
গ পদ্মা নদী হতে ঘ ব্রহ্মপুত্র নদ হতে উত্তর: ঘ

৯. শীতলক্ষ্যা নদী কোন নদীর উপনদী? [মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ে হিসাবরক্ষণ কর্মকর্তা : ৯৬]
ক মেঘনা খ ধলেশ্বরী
গ পুরাতন ব্রহ্মপুত্র ঘ কোনটিই নয় উত্তর: ঘ

১০. গড়াই কোন নদীর শাখানদী? [বাংলাদেশ টেলিভিশনের বিজ্ঞাপন আধিকারিক (গ্রেড-২) : ০৬]
ক যমুনা খ পদ্মা
গ মেঘনা ঘ ব্রহ্মপুত্র উত্তর: খ

১১. যমুনার উপনদী কোনটি? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ভূগোল এবং পরিবেশবিদ্যা) : ১৩-১৪]
ক তিস্তা খ ধলেশ্বরী
গ শীতলক্ষ্যা ঘ খোয়াই উত্তর: ক

১২. ধলেশ্বরী কোন নদীর শাখা নদী? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (সমাজকর্ম বিভাগ) : ০৩-০৪]
ক পদ্মা খ বুড়িগঙ্গা
গ যমুনা ঘ মেঘনা উত্তর: গ

১৩. ধলেশ্বরী নদীর শাখা নদী কোনটি? [১৮তম বিসিএস/ প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (যমুনা) : ১৩ / রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (হাসনাহেনা) : ১১ / মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ে গবেষণা কর্মকর্তা : ৯৮]
ক শীতলক্ষ্যা খ বুড়িগঙ্গা
গ ধরলা ঘ বংশী উত্তর: খ

১৪. বুড়িগঙ্গা নদীটি – [পরিবারকল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণার্থী : ১০]
ক ধলেশ্বরীর উপ নদী খ শীতলক্ষ্যার শাখা নদী
গ তুরাগ নদীর শাখা নদী ঘ ধলেশ্বরীর শাখা নদী উত্তর: ঘ

১৫. শীতলক্ষ্যা নদীর উৎপত্তি হয়েছে- [তুলা উন্নয়ন বোর্ডের কর্মকর্তা : ৯৭]
ক ব্রহ্মপুত্র নদ থেকে খ যমুনা নদী থেকে
গ পদ্মা নদী থেকে ঘ মেঘনা নদী থেকে উত্তর: ক

১৬. কপোতাক্ষ, শিবসা ও পশুর কোন নদীর শাখানদী? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (রাজশাহী বিভাগ) : ০৩]
ক মধুমতি খ ভৈরব
গ গড়াই ঘ কুমার উত্তর: খ

BCS Spotlight

Scanned by CamScanner

১৭. 'মাইনী' কোন নদীর উপ-নদী? [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১২-১৩]

ক সাঙ্গু খ যমুনা
গ টাঙ্গন ঘ কর্ণফুলী

উত্তর: ঘ

নদী তীরবর্তী গুরুত্বপূর্ণ শহর বা স্থান

স্থানের নাম	নদীর নাম	স্থানের নাম	নদীর নাম
রাজশাহী	পদ্মা	কুমিল্লা	গোমতী
সারদা	পদ্মা	ময়মনসিংহ	পুরাতন ব্রহ্মপুত্র
পাকশী	পদ্মা	জামালপুর	পুরাতন ব্রহ্মপুত্র
শিলাইদহ	পদ্মা	কিশোরগঞ্জ	পুরাতন ব্রহ্মপুত্র
ফরিদপুর	পদ্মা	মাগুরা	ইছামতি
শরীয়তপুর	পদ্মা	পাবনা	ইছামতি
রাজবাড়ী	পদ্মা	বাগেরহাট	মধুমতি
গোয়ালন্দ	পদ্মা	গোপালগঞ্জ	মধুমতি
মাওয়া ঘাট	পদ্মা	টুঙ্গীপাড়া	মধুমতি
দৌলতদিয়াঘাট	পদ্মা	বাংলাবান্দা	মহানন্দা
আরিচঘাট	পদ্মা	চাঁপাই নবাবগঞ্জ	মহানন্দা
ভেড়ামারা	পদ্মা	পঞ্চগড়	করতোয়া
মুন্সিগঞ্জ	ধলেশ্বরী	বগুড়া	করতোয়া
স্থানের নাম	নদীর নাম	স্থানের নাম	নদীর নাম
মানিকগঞ্জ	যমুনা	মহাস্থানগড়	করতোয়া
সিরাজগঞ্জ	যমুনা	নীলফামারী	তিস্তা
টাঙ্গাইল	যমুনা	লালমনিরহাট	তিস্তা
বাহাদুরাবাদ ঘাট	যমুনা	রংপুর	তিস্তা
জগন্নাথগঞ্জ ঘাট	যমুনা	গাইবান্ধা	আত্রাই
ভুয়াপুর	যমুনা	নওগাঁ	আত্রাই
নগড়বাড়ী	যমুনা	নাটোর	আত্রাই
সিলেট	সুরমা	কুষ্টিয়া	গড়াই
সুনামগঞ্জ	সুরমা	মাগুরা	কুমার ও গড়াই
ছাতক	সুরমা	মংলা	পশুর
ফেঞ্চুগঞ্জ	কুশিয়ারা	চালনা বন্দর	পশুর

BCS Spotlight

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

স্থানের নাম	নদীর নাম	স্থানের নাম	নদীর নাম
নরসিংদী	মেঘনা	চট্টগ্রাম	কর্ণফুলী
আশুগঞ্জ	মেঘনা	চন্দ্রঘোনা	কর্ণফুলী
জিয়া সারকারখানা	মেঘনা	কাপ্তাই	কর্ণফুলী
চাঁদপুর	মেঘনা	রাঙ্গামাটি	কর্ণফুলী ও শংখ
নোয়াখালী	মেঘনা ও ডাকতিয়া	বান্দরবান	শংখ
ভৈরব	মেঘনা ও শীতলক্ষ্যা	শেরপুর	কংশ
ঘোড়াশাল	শীতলক্ষ্যা	টেকনাফ	নাফ
নারায়ণগঞ্জ	শীতলক্ষ্যা	কক্সবাজার	নাফ
ঝালকাঠি	বিশখালী	ঢাকা	বুড়িগঙ্গা
১৭. **'মুক্তমঞ্চ' কোথায় অবস্থিত?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (নাটক ও নাট্যতত্ত্ব বিভাগ) : ০৯-১০]

ক রাজশাহী বিশ্ববিদ্যালয়ে খ ঢাকা বিশ্ববিদ্যালয়
গ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ঘ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় **উত্তর: গ**

১৮. **'দুরন্ত' ভাস্কর্যটি কোথায় অবস্থিত?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ) : ১২-১৩]

ক গাজীপুর চৌরাস্তায় খ সোহরাওয়ার্দী উদ্যানে
গ বাংলাদেশ শিশু একাডেমি প্রাঙ্গণে ঘ রংপুর কারমাইকেল কলেজ **উত্তর: গ**

১৯. **কোন সালে বাংলাদেশ শিশু একাডেমি প্রতিষ্ঠিত হয়?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (পিআইডি-২) : ০৬ / বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের বিস্ফোরক পরিদর্শক : ০৩]

ক ১৯৭২ খ ১৯৭৪
গ ১৯৭৫ ঘ ১৯৭৭
ব্যাখ্যা: সঠিক উত্তর নেই। **উত্তর:**

২০. **বুলবুল চৌধুরী খ্যাত?** [প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সহকারী পরিচালক : ১২]

ক অভিনয়ের জন্য খ নৃত্যের জন্য
গ ছবি আঁকার জন্য ঘ লেখক হিসেবে **উত্তর: খ**

BCS Spotlight

Scanned by CamScanner

২১. **BAFA কোন প্রতিষ্ঠানটির সংক্ষিপ্ত রূপ?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা (দর্শন বিভাগ) : ০৫-০৬]

ক Bangladesh Academy of Fine Arts
খ Bulbul Academy for Fine Arts
গ Bulbul Academy of Fine Arts
ঘ Bangladesh Academy of First Aid

উত্তর: খ

২২. **'বেঙ্গল ফাউন্ডেশন' কি?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (আইন বিভাগ) : ০৪-০৫]

ক আর্ট গ্যালারি খ আবাসিক এলাকা
গ চিত্রকর্ম ঘ চলচ্চিত্র

উত্তর: ক

২৩. **ন্যাশনাল আর্কাইভ কোথায় অবস্থিত?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (নৃবিজ্ঞান) : ১৩-১৪]

ক আগারগাঁও খ সেগুন বাগিচা
গ শাহবাগ ঘ গুলশান

উত্তর: ক

২৪. **কোনটি ভুল?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৮-০৯]

ক BANSDOC : Bangladesh Scientific and Technical Documentation Centre
খ BCSIR : Bangladesh Cultural Scientific and Industrial Research
গ GIS : Geographical Information System
ঘ ECNEC : Executive Committee of the National Economic Council **উত্তর: খ**

জাদুঘর

বাংলাদেশের সর্বপ্রথম জাদুঘর বরেন্দ্র গবেষণা জাদুঘর। রাজশাহী বিশ্ববিদ্যালয় জাদুঘরটির রক্ষণাবেক্ষণ করে। ১৯১৩ সালে 'ঢাকা জাদুঘর' এর উদ্বোধন করা হয়। ঢাকা জাদুঘরের প্রথম কিউরেটর ছিলেন নলনীকান্ত ভট্টশালী। জাতীয় জাদুঘর স্থাপনার নকশা করেন স্থপতি সৈয়দ মাইনুল হোসেন। ১৯৮৩ সালের ১৭ নভেম্বর ঢাকা জাদুঘরকে 'জাতীয় জাদুঘর' এর মর্যাদা দেওয়া হয়।



বাংলাদেশ জাতীয় জাদুঘর

জাদুঘরের নাম	অবস্থান	প্রতিষ্ঠাকাল
বরেন্দ্র গবেষণা জাদুঘর	রাজশাহী	১০ এপ্রিল, ১৯১০
জাতীয় জাদুঘর	শাহবাগ, ঢাকা	২০ মার্চ, ১৯১৩
জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর	আগারগাঁও, ঢাকা	২৬ এপ্রিল, ১৯৬৫
ভাষা আন্দোলন জাদুঘর	ধানমণ্ডি, ঢাকা	১৭ ফেব্রুয়ারি,২০০৭
মুক্তিযুদ্ধ জাদুঘর	সেগুনবাগিচা, ঢাকা	১৯৯৬
মুক্তিযুদ্ধ জাদুঘর 'বিজয়কেতন'	ঢাকা সেনানিবাস	
ভ্রাম্যমান মুক্তিযুদ্ধ জাদুঘর	-	১০ জুলাই, ২০০১
লোক ঐতিহ্য সংগ্রহশালা	বাংলা একাডেমি, ঢাকা	

BCS Spotlight

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

জাদুঘরের নাম	অবস্থান	প্রতিষ্ঠাকাল
বাংলাদেশ লোক ও কারুশিল্প জাদুঘর	সোনারগাঁও, নারায়ণগঞ্জ	১৯৭৫
বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর	ঢাকার ধানমণ্ডির ৩২ নং রোডে	১৪ আগস্ট, ১৯৯৪
জিয়া স্মৃতি জাদুঘর	চট্টগ্রামের সাবেক সার্কিট হাউজে	৬ সেপ্টেম্বর, ১৯৯৩
শিল্পাচার্য জয়নুল আবেদিন সংগ্রহশালা	ময়মনসিংহ	১৯৭৫
ওসমানী জাদুঘর	সিলেট	৪ মার্চ, ১৯৮৭
গান্ধী স্মৃতি জাদুঘর	সোনাইমুড়ী, নোয়াখালী	১০ অক্টোবর, ২০০০
লালন জাদুঘর	ছেউরিয়া, কুষ্টিয়া	১৯৭৯
কুঠিবাড়ি রবীন্দ্র স্মৃতি জাদুঘর	শিলাইদহ, কুষ্টিয়া	১৯৭১
কাচারিবাড়ি স্মৃতি জাদুঘর	শাহজাদপুর, সিরাজগঞ্জ	
শেরে বাংলা জাদুঘর	চাখার, বরিশাল	
জাতিতাত্ত্বিক বা নৃতাত্ত্বিক	আগ্রাবাদ, চট্টগ্রাম	১৯৬৭
সামরিক জাদুঘর	বিজয় সরণি, তেজগাও, ঢাকা	১৯৮৭
বাংলাদেশ রাইফেলস জাদুঘর	পিলখানা, ঢাকা	
টাকা জাদুঘর	বাংলাদেশ ব্যাংক ট্রেনিং একাডেমী, মিরপুর, ঢাকা	৫ অক্টোবর, ২০১৩
রকস মিউজিয়াম	পঞ্চগড়	১৯৯৭
পোস্টাল জাদুঘর	ঢাকা জি.পি.ও	৯ সেপ্টেম্বর, ১৯৬৬
কৃষি জাদুঘর	বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ	৩০ জুন, ২০০৭

BCS Spotlight

MCQ Solution

১. বরেন্দ্র জাদুঘর কোথায় অবস্থিত? [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৪ -১৫/ রাজশাহী বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১৩-১৪]

ক বগুড়া খ রাজশাহী
গ নাটোর ঘ রংপুর

উত্তর: খ

২. **The first museum in Bangladesh is-** [National Bank Ltd. Probtionary Officer : 14 / RAKUB Senior Officer : 11/ Agrani Bank Ltd. Senior Officer : 10]

Or,

বাংলাদেশের সর্বপ্রথম জাদুঘর কোনটি? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক : ১৫ / রাজশাহী বিশ্ববিদ্যালয় (ব্যবস্থাপনা বিভাগ) : ০৮-০৯ / ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৪-০৫]

ⓐ Sonargaon museum ⓑ Osmani museum
ⓒ National museum ⓓ Muktijoddha museum
ⓔ Barendra museum

Ans. e

৩. জাতীয় জাদুঘরের স্থপতি- [রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (হাসনাহেনা) : ১১]

ক মোস্তফা কামাল খ মোস্তফা মনোয়ার
গ মাজহারুল ইসলাম ঘ কাজী আরিফ

উত্তর :

Scanned by CamScanner

৪. জাতীয় জাদুঘরের পূর্বনাম কি? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সাংবাদিকতা এবং গণমাধ্যম) : ১২-১৩]
ক পূর্ব পাকিস্তান জাদুঘর খ বাংলাদেশ জাদুঘর
গ জাতীয় সংগ্রহশালা ঘ ঢাকা জাদুঘর
উত্তর : ঘ

৫. মুক্তিযুদ্ধের জাদুঘর ঢাকার কোন এলাকায় অবস্থিত? [১৮তম বিসিএস]
ক সেগুন বাগিচা খ ধানমণ্ডি
গ মগবাজার ঘ বনানী
উত্তর : ক

৬. মুক্তিযুদ্ধ জাদুঘরের প্রতিষ্ঠাকাল কত? [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১০ -১১ / জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (বাংলা বিভাগ) : ০৯-১০]
ক ১৯৯৭ খ ১৯৯৬
গ ১৯৭৫ ঘ ১৯৭১
উত্তর: খ

৭. When did the 'Mobile War Museum' launch in Bangladesh? [Pubali Bank Ltd. Junior Officer (Cash) : 14]
ⓐ 1 July, 2000 ⓑ 1 July, 2001
ⓒ 10 July, 2001 ⓓ 10 July, 2002
Ans: c

৮. বাংলাদেশের লোকশিল্প জাদুঘর কোথায় অবস্থিত? [৩১তম বিসিএস / ২২তম বিসিএস/ ১৯তম বিসিএস/১৪তম বিসিএস/ ১০ম বিসিএস / পরিবার পরিকল্পনা অধিদপ্তরে উপসহকারী কমিউনিটি মেডিকেল অফিসার : ১৪]
ক ময়মনসিংহ খ বগুড়া
গ সোনারগাঁও ঘ রাঙ্গামাটি
উত্তর : গ

৯. শিল্পী জয়নুল আবেদিন সংগ্রহশালাটি কোথায়? [৩৩তম বিসিএস]
ক ঢাকায় খ ময়মনসিংহে
গ চট্টগ্রামে ঘ নড়াইলে
উত্তর : খ

১০. শিল্পাচার্য জয়নুল আবেদিন সংগ্রহশালা প্রতিষ্ঠিত হয় কত সালে? [ঢাকা বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৪ -১৫]
ক ১৯৭৫ খ ১৯৭৬
গ ১৯৭৭ ঘ ১৯৭৮
উত্তর : ক

১১. বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর কোথায় অবস্থিত- [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (নৃবিজ্ঞান বিভাগ) : ০৯-১০]
ক ঢাকা খ টুঙ্গিপাড়া
গ বরিশাল ঘ মেহেরপুর
উত্তর: ক

১২. লালন জাদুঘর কোথায় অবস্থিত? [মহিলা বিষয়ক অধিদপ্তরের অধীনে উপজেলা মহিলা কর্মকর্তা : ০৫]
ক সোনারগাঁ খ ময়নামতি
গ রাজশাহী ঘ কুষ্টিয়া
উত্তর: ঘ

১৩. 'গান্ধী স্মৃতি জাদুঘর' কোন জেলায় অবস্থিত? [ঢাকা বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৪ -১৫]
ক সিলেট খ নোয়াখালী
গ দিনাজপুর ঘ পাবনা
উত্তর: খ

১৪. ওসমানী স্মৃতি জাদুঘর রয়েছে- [কুমিল্লা বিশ্ববিদ্যালয় : ০৭-০৮
ক ঢাকা খ সিলেট
গ চট্টগ্রাম ঘ কুষ্টিয়ায়
উত্তর: খ

১৫. বাংলাদেশের একমাত্র নৃতাত্ত্বিক যাদুঘর অবস্থিত - [সমাজসেবা পরিদপ্তরে উপতত্ত্বাবধায়ক : ০৫]
ক ঢাকা জেলায় খ চট্টগ্রাম জেলায়
গ কুমিল্লা জেলায় ঘ কক্সবাজার জেলায়
উত্তর: খ

BCS Spotlight

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

১৬. বাংলাদেশ সামরিক জাদুঘর কোন জেলায় অবস্থিত? [কুমিল্লা বিশ্ববিদ্যালয় (বিবিএ) : ০৮-০৯]
ক যশোর খ বগুড়া
গ কুমিল্লা ঘ ঢাকা
উত্তর: ঘ

১৭. বাংলাদেশের একমাত্র কৃষি জাদুঘর কোথায় অবস্থিত? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (চট্টগ্রাম বিভাগ) : ০৭]
ক ঢাকা বিশ্ববিদ্যালয়
খ বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনিসংহ
গ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
ঘ বঙ্গবন্ধু শেখ মুজিব কৃষি বিশ্ববিদ্যালয়, গাজীপুর
উত্তর: খ

১৮. জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর প্রতিষ্ঠিত হয় কখন? [তথ্য মন্ত্রণালয়ের অধীনে সহকারী পরিচালক : ০৪]
ক ১৯৭৫ সালে খ ১৯৭৬ সালে
গ ১৯৭৭ সালে ঘ ১৯৯০ সালে
উত্তর :
ব্যাখ্যা: সঠিক উত্তর হবে- ১৯৬৫ সাল।

১৯. **The currency museum of Bangladesh was established in the year-/ বাংলাদেশে মুদ্রা জাদুঘর কত সালে স্থাপিত হয়?** [BASIC Bank Officer : 09]
ⓐ 2009 ⓑ 2005
ⓒ 1987 ⓓ 1997
ⓔ None of these
Ans. e

২০. **First Currency Museum in Bangladesh is situated at:** [খুলনা বিশ্ববিদ্যালয় ভর্তি পরিক্ষা (এস ইউনিট) সমাজবিজ্ঞান ফুল : ১৩-১৪]
ⓐ Rajshahi ⓑ Comilla
ⓓ Dhaka ⓒ Chittagong
ⓔ None of these
Ans. c

২১. বাংলাদেশে টাকার জাদুঘর কোথায় অবস্থিত? [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৪ -১৫]
ক বাংলাদেশ ব্যাংকের প্রধান শাখা, মতিঝিল
খ বাংলাদেশ ব্যাংকের ট্রেনিং একাডেমি, মিরপুর
গ বাংলাদেশ ইনস্টিটিউট অব ব্যাংক ম্যানেজমেন্ট, মিরপুর
ঘ বাংলাদেশ জাতীয় জাদুঘর, শাহবাগ
উত্তর: খ

BCS Spotlight

Scanned by CamScanner

বাংলাদেশের সম্পদ
Resource of Bangladesh

কৃষি সম্পদ (Agricultural Resources)

চাষীর প্রকারভেদ

ক) ভূমিহীন চাষী (০.০ - ০.০৪৯ একর)
খ) প্রান্তিক চাষী (০.০৫ - ১.৪৯ একর)
গ) ক্ষুদ্র চাষী (১.৫০ - ২.৪৯ একর)
ঘ) মাঝারী চাষী (২.৫ - ৭.৪৯ একর)
ঙ) বড় চাষী (৭.৫০ একর বা তার বেশি)

বাংলাদেশের .....

মোট জমি	৩ কোটি ৩৮ লক্ষ ৩৪ হাজার একর
মোট আবাদযোগ্য জমি	২ কোটি ১ লক্ষ ৫৭ হাজার একর
চাষের অযোগ্য জমি	২৫ লক্ষ ৮০ হাজার একর
মাথাপিছু আবাদী জমি	০.২৮ একর বা ০.৮ হেক্টর
কৃষকপ্রতি আবাদী জমি	০.১৫ একর

কৃষিশুমারি

১৯৬০ সালে বাংলাদেশে প্রথম কৃষিশুমারি অনুষ্ঠিত হয়। বাংলাদেশে সর্বশেষ কৃষিশুমারি অনুষ্ঠিত হয় ১১-২৫ মে, ২০০৮। এটি বাংলাদশের প্রথম পূর্ণাঙ্গ কৃষিশুমারি অর্থাৎ গ্রাম ও শহরে একযোগে অনুষ্ঠিত কৃষিশুমারি।

MCQ Solution

১. **বাংলাদেশে আবাদি জমির পরিমাণ কত?** [সাব- রেজিস্ট্রার : ০৩]
ক ৩ কোটি ৬৬ লক্ষ ৭০ হাজার একর
খ ২ কোটি ৬৮ লক্ষ ৮০ হাজার একর
গ ২ কোটি ৫৫ লক্ষ ২ হাজার একর
ঘ ২ কোটি ১ লক্ষ ৯৮ হাজার একর
উত্তর: ঘ

২. **বাংলাদেশের মোট আবাদযোগ্য জমির পরিমাণ (প্রায়) কত?** [২৬তম বিসিএস/ ১১তম বিসিএস/ প্রাথমিক ও গণশিক্ষা বিভাগে সহকারী পরিচালক : ০১/ থানা শিক্ষা অফিসার : ১৯/ শ্রম অধিদপ্তরের শ্রম অফিসার : ৯৬]
ক ২ কোটি ৪০ লক্ষ একর
খ ২ কোটি ৫০ লক্ষ একর
গ ২ কোটি ২৫ লক্ষ একর
ঘ ২ কোটি একর
উত্তর: ঘ

৩. **বাংলাদেশে মাথাপিছু আবাদী জমির পরিমাণ-** [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৭-০৮]
ক ১ একর
খ ১.৫ একর
গ ২ একর
ঘ ০.১৫ একর
উত্তর: ঘ

BCS Spotlight

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

৪. যে সকল কৃষকের নিজেদের জমির পরিমাণ এক একরের নিচে তাদেরকে কি বলে? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (অ বাণিজ্য গ্রুপ, ব্যবস্থাপনা বিভাগ) : ০৮-০৯]

ক) প্রান্তিক চাষী খ) মধ্যম চাষী
গ) ভূমিহীন চাষী ঘ) ছোট চাষী **উত্তর: গ**

৫. যে জমি চাষ করে কেবল উৎপাদনের খরচ তুলতে পারে ঐ জমিকে কি বলে? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (বি ১ ইউনিট; সেট-১) : ১৩-১৪]

ক) উদ্বৃত্ত জমি খ) প্রান্তিক জমি
গ) নিকৃষ্ট জমি ঘ) কোনোটিই নহে **উত্তর: খ**

৬. **Bangladesh requested which country for a lease of agricultural land?** [Jahangirnagar University Admission Test (International Affairs) : 13-14]

Or,

বাংলাদেশ যে দেশের কাছে কৃষি জমি ইজারা চেয়েছে– [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১০ - ১১]

ⓐ Egypt ⓑ Argentina
ⓒ Senegal ⓓ Brazil **Ans. c**

ব্যাখ্যা: বাংলাদেশ সরকার আফ্রিকা মহাদেশের সেনেগাল, তানজানিয়া, কেনিয়া ও ঘানার জমি ইজারা চেয়েছে।

৭. বাংলাদেশের সর্বশেষ কৃষিশুমারি করা হয়? [খাদ্য অধিদপ্তরের উপ-খাদ্য পরিদর্শক : ১২/ ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৬-০৭]

ক) ১৯৯৬ খ) ২০০৮
গ) ২০০১ ঘ) ১৯৮৪ **উত্তর: খ**

ফসল উৎপাদনের মৌসুম

ফসল উৎপাদনের জন্য সারা বছরকে ২টি মৌসুমে ভাগ করা যায়। যথা- রবি এবং খরিপ মৌসুম। লালশাক, বেগুন, ঢেড়স প্রভৃতিকে 'বার মাসি সবজি' বলা হয়।

রবি মৌসুম : আশ্বিন মাস থেকে ফাল্গুন মাস (মধ্য সেপ্টেম্বর থেকে মধ্য মার্চ) পর্যন্ত সময়কে রবি মৌসুম বলে। রবি শস্য শীতকালে রোপন করে গ্রীষ্মকালে উত্তোলন করা হয়। তবে রবি শস্যকে শীতকালীন শস্য হিসেবে আখ্যায়িত করা হয়। ফুলকপি, বাধাকপি, মূলা, গাজর, লাউ, সীম, টমেটো বোরো ধান, গম, আলু ও সরিষা এই মৌসুমের প্রধান ফসল।

খরিপ মৌসুম : চৈত্র মাস থেকে জ্যৈষ্ঠ মাস পর্যন্ত সময়কে (মধ্য মার্চ থেকে মধ্য জুলাই) খরিপ-১ বলা হয়। এই সময়কে গ্রীষ্মকালও বলা হয়। আউস ধান, পাট, ঢেঁড়স, পুইশাক, মিষ্টি কুমড়া, করলা, পটল, কাকরোল, বরবটি এ মৌসুমের প্রধান ফসল। আম, জাম, কাঁঠাল, পেঁপে এ মৌসুমের উল্লেখযোগ্য ফল। আষাঢ় মাস থেকে ভাদ্র মাস পর্যন্ত সময়কে (মধ্য জুন থেকে মধ্য সেপ্টেম্বর) খরিপ-২ বলা হয়। এই সময়কে বর্ষাকালও বলা হয়। আমন ও বর্ষাকালীন সবজি এ মৌসুমের প্রধান ফসল। এই মৌসুমে বাতাবীলেবু, তাল, আমলকি, জলপাই পাওয়া যায়।

MCQ Solution

১. কৃষির রবি মৌসুম কোনটি? [বিআরডিবির সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা : ০৬]

ক) চৈত্র-বৈশাখ খ) শ্রাবণ-আশ্বিন
গ) কার্তিক-ফাল্গুন ঘ) ভাদ্র-অগ্রহায়ণ **উত্তর: গ**

PCS Spotlight

Scanned by CamScanner

২. **What is meant by Robi crops?** [Southeast Bank Ltd. Officer : 09]

Or,

রবি শস্য বলতে কি বুঝায়? [রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (পিটিআই) : ১১ / ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৩-০৪]

ⓐ Summer crops (গ্রীষ্মকালীন শস্য) ⓑ Winter crops (শীতকালীন শস্য)
ⓒ Spring crops (বসন্তকালীন শস্য) ⓓ Monsoon crops (বর্ষাকালীন শস্য)
ⓔ None of these

Ans. b

৩. **কোনটি রবি ফসল নয়?** [তুলা উন্নয়ন কর্মকর্তা : ০৬]

ⓚ টমেটো ⓛ মূলা
ⓜ কচু ⓝ গম

উত্তর: গ

খাদ্যশস্য (Food Crops)

বাংলাদেশের শতকরা ৮০ ভাগ জমিতে খাদ্যশস্য উৎপাদিত হয়। উৎপাদিত খাদ্যশস্যের মধ্যে ধান, গম, ডাল, তৈলবীজ, ভুট্টা, যব, জোয়ার এবং নানারকম মসলা প্রধান।

ধান (Paddy) : ধান বাংলাদেশের প্রধান খাদ্যশস্য। মূল্য পরিমাপে কৃষিপণ্যের মধ্যে বাংলাদেশে সবচেয়ে বেশি উৎপাদিত হয় ধান। বাংলাদেশে উৎপন্ন ধানকে প্রধানত আউশ, আমন ও বোরো এই তিনভাগে ভাগ করা হয়। বাংলাদেশের প্রধান ধান চাষ হচ্ছে বোরো। আউস ধান উঁচু জমিতে, আমন ধান অপেক্ষাকৃত নীচু জমিতে এবং বোরো ধান শীতকালীন ফসল হিসাবে বিভিন্ন নিচু জলাশয়, বিল, হাওড়সহ সহ অন্যান্য জমিতে উৎপাদিত হয়। আমন ধান অগ্রহায়ণ-পৌষ মাসে উঠে। বাংলাদেশে সর্বপ্রথম ইরি-৮ জাতের উফশি ধান আমদানি করা হয় এবং তা এখনও এদেশে চালু আছে। উত্তরবঙ্গের মঙ্গা এলাকার জন্য উপযোগী ধান ব্রি-৩৩। বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইন্সটিটিউট কর্তৃক উদ্ভাবিত লবণাক্ততা সহিষ্ণু ধান বিনা-৮। একটি দেশজ নতুন জাতের ধান হলো হরিধান। এই উচ্চ ফলনশীল ধানের আবিষ্কারক ঝিনাইদহের হরিপদ কাপালী। নারিকা-১ হলো এক ধরনের খরা সহিষ্ণু ধান। উৎকৃষ্টমানের ধান হিসেবে বরিশাল ও পটুয়াখালী অঞ্চলের বালাম, দিনাজপুরের কাটারীভোগ, ময়মনসিংহের বিরই এবং নোয়াখালী ও কুমিল্লা অঞ্চলের কালিজিরা ও চিনিগুঁড়া উল্লেখযোগ্য। 'অঘনিবোরা' ধানের চাল ভেজালেই ভাত পাওয়া যায়।

গম (Wheat) : গম বাংলাদেশের দ্বিতীয় প্রধান খাদ্যশস্য। গম একটি শীতকালীন ফসল।

ডাল (Pulses) : ডাল জাতীয় শস্যের মধ্যে মুগ, মসুর, ছোলা, খেসারি, মাষকালাই, মটর, অড়হর ইত্যাদি প্রধান।

তেলবীজ (Oil seeds) : বাংলাদেশে উৎপন্ন তৈলবীজের মধ্য সরিষা (Mustard-seed), তিল (Sesame), তিসি (Linseed), রেড়ি (Castor) উল্লেখযোগ্য।

আলু (Potato) : স্প্যানিস 'Patata' থেকে Potato এসেছে। ওয়ারেন হেস্টিংস এর উদ্যোগে বাংলায় আলু চাষের বিস্তার লাভ করে। নেদারল্যান্ড থেকে আলু বাংলাদেশে আনা হয়েছে। আলু বিশ্বের কন্দাল জাতীয় ফসল। আলুর বৈজ্ঞানিক নাম হলো '*Salanum tuberosum*'.

MCQ Solution

১. **মূল্য পরিমাপে বাংলাদেশে কোন কৃষিপণ্য সবচেয়ে বেশি উৎপাদিত হয়?** [যুব উন্নয়ন অধিদপ্তরের সহকারী পরিচালক : ৯৯]

ⓚ পাট ⓛ ইক্ষু
ⓜ চা ⓝ ধান

উত্তর: ঘ

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

২. **Percentage of total arable area where rice is grown in Bangladesh-** [IBBL Probationary Officer : 10] **Or,** বাংলাদেশে ধান চাষ করা হয় মোট আবাদী জমির- [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ০০]

ⓐ 50% ⓑ 40%
ⓒ 70% ⓓ 30% **Ans. c**

৩. বাংলাদেশে সবচেয়ে বেশি উৎপাদিত হয়- [৩৭তম বিসিএস]

ⓚ আউশ ধান ⓛ আমন ধান
ⓜ বোরো ধান ⓝ ইরি ধান **উত্তর: গ**

৪. সর্ব প্রথমে যে উফশি ধান এদেশে চালু হয়ে এখনও বর্তমান রয়েছে তা হলো - [১১ তম বিসিএস/ বাংলাদেশ রেলওয়ে সহকারী কমান্ডেন্ট : ০৭/ গণপূর্ত অধিদপ্তরের উপবিভাগীয় অফিসার (আরবরিকালচার) : ০৩]

ⓚ ইরি-৮ ⓛ ইরি-১
ⓜ ইরি-২০ ⓝ ইরি-৩ **উত্তর: ক**

৫. বাংলাদেশে রোপা আমন ধান কাটা হয়- [৩৬তম বিসিএস/ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (নৃবিজ্ঞান বিভাগ) : ০৯-১০]

ⓚ আষাঢ়-শ্রাবণ মাসে ⓛ ভাদ্র-আশ্বিন মাসে
ⓜ অগ্রহায়ণ-পৌষ মাসে ⓝ মাঘ-ফাল্গুন **উত্তর: গ**

৬. বাংলাদেশের প্রধান ধান চাষ কোনটি? [খাদ্য অধিদপ্তরের সহকারী উপ-খাদ্য পরিদর্শক : ০৯]

ⓚ আউশ ⓛ আমন
ⓜ বোরো ⓝ ইরি **উত্তর: গ**

৭. উত্তরাঞ্চলে 'মঙ্গার ধান' বলে পরিচিত- [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ফিন্যান্স) : ০৭-০৮]

ⓚ ব্রি-৩৩ ⓛ বি আর ২৮
ⓜ স্বর্ণা ⓝ বি আর-২২ **উত্তর: ক**

৮. **An indigenous innovative variety of rice known as-** / একটি দেশজ নতুন জাতের ধান- [IFIC Bank Ltd. Probationary Officer : 10]

ⓐ Suma Rice ⓑ Haridhan
ⓒ Golden Rice ⓓ BRRI 18 **Ans. b**

৯. উচ্চ ফলনশীল 'হরি ধান'-এর আবিষ্কারক- [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঙ ইউনিট) : ০৬-০৭]

ⓚ ঝিনাইদহের হরিপদ কাপালী ⓛ যশোরের হরিপদ কাপালী
ⓜ নড়াইলের হরিপদ কাপালী ⓝ শ্রীমঙ্গলের হরিধন চক্রবর্তী **উত্তর: ক**

১০. নারিকা-১ কী? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৩ - ১৪]

ⓚ অপারেটিং সিস্টেম ⓛ তামাকের একটি জাত
ⓜ খরা সহিষ্ণু ধান ⓝ পাটের একটি জাত **উত্তর: গ**

১১. কাটারীভোগ চাল উৎপাদনের বিখ্যাত জায়গা- [Sonali, Janata, Agrani & Rupali Bank Ltd. Senior Office : 00]

ⓚ দিনাজপুর ⓛ বরিশাল
ⓜ ময়মনসিংহ ⓝ কুমিল্লা **উত্তর: ক**

১২. নিচের কোনটি বাংলাদেশের অর্থকরী ফসল নয়? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ছ ইউনিট) : ০৯-১০]

ⓚ পাট ⓛ চা ⓜ তামাক
ⓝ তুলা ⓞ ধান **উত্তর: ঙ**

BCS Spotlight

Scanned by CamScanner

১৩. বাংলাদেশের অতি পরিচিত খাদ্য গোলআলু। এই খাদ্য আমাদের দেশে আনা হয়েছিল - [১৭তম বিসিএস]
ক ইউরোপের হল্যান্ড থেকে খ দক্ষিণ আমিরিকার পেরু চিলি থেকে
গ আফ্রিকার মিশর থেকে ঘ এশিয়ার থাইল্যান্ড থেকে
উত্তর: ক

অর্থকরী ফসল (Cash Crops)


ড. মাকসুদুল আলম

যে সকল ফসল সরাসরি বিক্রয়ের উদ্দেশ্যে চাষ করা হয়, তাদের অর্থকরী ফসল বলে। অর্থকরী ফসলের মধ্য পাট, চা, আখ, তামাক, রেশম, রাবার ও তুলা প্রধান।

পাট (Jute) : পাট বাংলাদেশের প্রধান অর্থকরী ফসল। পাট বাংলাদেশের অন্যতম প্রধান শিল্পও বটে। পৃথিবীর প্রায় এক-তৃতীয়াংশ পাট বাংলাদেশে উৎপন্ন হয়। বৈদেশিক মুদ্রা অর্জনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে বলে পাটকে 'সোনালী আঁশ' বলা হয়। পাটকে তিনটি শ্রেণিতে ভাগ করা যায়। যথা- সাদা, তোষা ও মেছতা। তোষা পাট থেকে উন্নতমানের আঁশ পাওয়া যায়। ময়মনসিংহ-ঢাকা-কুমিল্লা অঞ্চল বাংলাদেশের শ্রেষ্ঠ 'পাটবলয়'। একটি কাঁচা পাটের গাঁইটের ওজন ৩.৫ মণ। পাট পচানোর পদ্ধতিকে বলে রিবন রেটিং।

২০১০ সালের জুন মাসে বাংলাদেশের বিজ্ঞানীরা পাটের জন্মরহস্য আবিষ্কার করেন। পাটের জীন রহস্য উন্মোচনকারী দলের নেতা ড. মাকসুদুল আলম। তিনি ১৯৫৪ সালের ১৪ ডিসেম্বর ফরিদপুর জেলায় জন্মগ্রহণ করেন। ড. মাকসুদুল আলম পাট, ভুট্টা, তুলা, সয়াবিনসহ ৫০০টি উদ্ভিদের ক্ষতিকারক ছত্রাকের জীবনরহস্য উন্মোচন করেন।

জুটন পাট ও তুলার সংমিশ্রণে এক ধরনের কাপড়। এত ৭০ ভাগ পাট ও ৩০ ভাগ তুলা থাকে। ড. মোহাম্মদ সিদ্দিকুল্লাহ জুটন আবিষ্কার করেন।

চা (Tea) : চা বাংলাদেশের দ্বিতীয় প্রধান অর্থকরী ফসল। এর আদিবাস চীন। পানি নিষ্কাশন বিশিষ্ট উঁচু ও ঢালু জমি (যেমন-পাহাড়), ২৫০ সেন্টিমিটার বৃষ্টিপাত, ১৫°-১৭° সেলসিয়াস তাপমাত্রা এবং



উর্বর, লোহা ও জৈব মিশ্রিত দো-আঁশ পলিমাটি চা চাষের জন্য বিশেষ উপযোগী। বাংলাদেশে সর্বপ্রথম চা চাষ আরম্ভ হয় ১৮৪০ সালে চট্টগ্রাম ক্লাব এলাকায়। বাংলাদেশে প্রথম বাণিজ্যিকভাবে চায়ের চাষ শুরু হয় ১৮৫৭ সালে সিলেটের মালনিছড়ায়। সিলেটে প্রচুর চা জন্মাবার কারণ - পাহাড় ও প্রচুর বৃষ্টি। বাংলাদেশে অর্গানিক চা উৎপাদন শুরু হয়েছে পঞ্চগড়ে।

তুলা (Cotton) : যশোর অঞ্চল তুলা চাষের জন্য সবচেয়ে উপযোগী।

রাবার (Rubber) : অধিক বৃষ্টিপাতযুক্ত অঞ্চল চট্টগ্রাম, পার্বত্য চট্টগ্রাম ও সিলেটে রাবার উৎপন্ন হয়। ১৯৬১ সালে কক্সবাজারের রামুতে দেশের প্রথম রাবার বাগান করা হয়।

রেশম (Silk) : রাজশাহী, দিনাজপুর, রংপুর ও বগুড়া অঞ্চলে রেশম চাষ হয়। রেশম গবেষণা ইনিস্টিটিউট রাজশাহীতে অবস্থিত। রেশম পোকার বৈজ্ঞানিক নাম *Bombyx mori*। রেশম পোকা বা মথ তুঁত গাছের পাতা খেয়ে বেঁচে থাকে।

BCS Spotlight

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

MCQ Solution

১. বাংলাদেশের প্রধান অর্থকরী ফসল কোনটি? [কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-সহকারী কৃষি কর্মকর্তা : ১৪/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (বরিশাল বিভাগ) : ০৩]

ক চা খ ধান
গ পাট ঘ গম
উত্তর: গ

২. বিজ্ঞানী ড. মাকসুদুল আলম নিচের কোনটি আবিষ্কার করেছেন? [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৩- ১৪]

ক তেজস্ক্রিয় বালি খ জীবাশ্ম কয়লা
গ পাটের জীবন রহস্য ঘ কীটনাশক
উত্তর: গ

৩. **Which Bangladeshi scientist discovered the complete genetic sequence of jute?** [Union Bank Ltd. Senior Officer : 14/ AB Bank Ltd. Assistant Officer : 14]

Or,

পাটের জিন রহস্য আবিষ্কারক বৈজ্ঞানিক কে? [পল্লী উন্নয়ন বোর্ড - এর মাঠকর্মী : ১৪/ বাংলাদেশ পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ মাঠ কর্মকর্তা : ১৩/ বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড উপজেলা প্রকল্প কর্মকর্তা : ১৩ / ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১০ -১১]

ⓐ Maksudul Alam ⓑ Abed Chowdhury
ⓒ Kudrat-E-Khuda ⓓ Muhammad Zafar Iqbal
ⓔ None of these
Ans: a

৪. বাংলাদেশের পাট গবেষণা ইনস্টিটিউট এর কোন গবেষকের নেতৃত্বে দেশি পাটের ডি. এন. এ বিন্যাস আবিষ্কৃত হয়? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (গ ইউনিট) : ১৪ - ১৫/ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ডি ইউনিট) : ১৩-১৪]

ক ড. মাকসুদুল আলম খ ড. মনির হোসেন
গ ড. শাহনেওয়াজ সিকদার ঘ ড. আবু জাফর
উত্তর: ক

৫. ২০১৩ সালে দেশি পাটের জীবন রহস্য উন্মোচনে কোন বাংলাদেশি বিজ্ঞানী নেতৃত্ব দেন? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) :১৩-১৪]

ক ড. এম এ. মুহিত খ ড. মাকসুদুল আলম
গ ড. জাহিদুল ইসলাম ঘ ড. শফিকুল ইসলাম
উত্তর: খ

৬. ২০১০ সালের জুন মাসে বাংলাদেশের বিজ্ঞানীরা কোন উদ্ভিদের জন্ম রহস্য আবিষ্কার করেন? [গণযোগাযোগ অধিদপ্তরের সহকারী তথ্য অফিসার : ১৩]

ক ধান খ গম
গ পাট ঘ তুলা
উত্তর: গ

৭. ছত্রাকের জীবন রহস্য উন্মোচনকারী বিজ্ঞানী কে? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১২-১৩]

ক অধ্যাপক ড. আবুল হুসসাম খ ড. মাকসুদুল আলম
গ অধ্যাপক ড. নুরুল হুদা ঘ সিরাজুল সালেকিন
উত্তর: খ

৮. 'মেছতা' একজাতীয় - [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১২- ১৩ / আবহাওয়া অধিদপ্তরের সহকারী আবহাওয়াবিদ : ৯৫]

ক পাট খ ধান
গ তামাক ঘ তুলাগাছ
উত্তর: ক

৯. রিবন রেটিং কি? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (চট্টগ্রাম বিভাগ) : ০৫]

ক পাট পচানোর পদ্ধতি খ রাবার চাষের পদ্ধতি
গ গতি পরিমাপক যন্ত্র ঘ মাছ চাষ পদ্ধতি
উত্তর: ক

PCS Spotlight

Scanned by CamScanner

১০. একটি কাঁচা পাটের গাঁইটের ওজন..... [১২তম বিসিএস]
ক ৩ ১/২ মণ খ ২ ১/২ মণ
গ ৪ ১/২ মণ ঘ ৫ মণ
উত্তর: ক

১১. পাট থেকে তৈরি 'জুটন' আবিষ্কার করেন কে? [বস্ত্র মন্ত্রণালয়ের অধীন কারা তত্ত্বাবধায়ক : ০৫]
ক ড. মুহম্মদ কুদরত-ই-খুদা খ ড. ইন্নাস আলী
গ ড. মোহাম্মদ সিদ্দিকুল্লাহ ঘ ড. আবদুল্লাহ আল মুতী শরফুদ্দিন
উত্তর: গ

১২. বাংলাদেশের দ্বিতীয় অর্থকরী ফসল- [বাংলাদেশ রেলওয়ে সহকারী কমান্ডেন্ট : ০৭]
ক চা খ ধান
গ তামাক ঘ গম
উত্তর: ক

১৩. সিলেটে প্রচুর চা জন্মাবার কারণ কি? [খাদ্য অধিদপ্তরের অধীনে খাদ্য পরিদর্শক : ০০]
ক পাহাড় ও অল্প বৃষ্টি খ সমতল ভূমি
গ বনভূমি ও প্রচুর বৃষ্টি ঘ পাহাড় ও প্রচুর বৃষ্টি
উত্তর: ঘ

১৪. বাংলদেশে প্রথম চা চাষ আরম্ভ হয় কবে? [মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ে সহকারী পরিসংখ্যান কর্মকর্তা : ৯৮]
ক ১৮৬০ সালে খ ১৮৪৮ সালে
গ ১৮৪০ সালে ঘ ১৮৫৪ সালে
উত্তর: গ

১৫. বাংলাদেশের প্রথম চায়ের চাষ আরম্ভ হয়- [১৭তম বিসিএস]
ক সিলেটের মালনীছড়ায় খ সিলেটের তামাবিলে
গ সিলেটের জাফনায় ঘ পার্বত্য চট্টগ্রামের খাগড়াছড়িতে
উত্তর: ক

১৬. বাংলাদেশের কোন জেলায় সবচেয়ে বেশি চা উৎপাদিত হয়? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (বি ১ ইউনিট; সেট-১) : ১৩-১৪ / ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ৯৬-৯৭]
ক বরিশাল খ ঢাকা
গ রাজশাহী ঘ সিলেট
উত্তর: ঘ

১৭. রাজশাহী বিভাগের কোন জেলায় চায়ের বাগান আছে? [২৪তম বিসিএস/ রাজশাহী বিশ্ববিদ্যালয় (অর্থনীতি) : ০৭-০৮]
Or,
উত্তরবঙ্গের কোন জেলায় চা বাগান আছে? [সমাজসেবা পরিদপ্তরে উপতত্ত্বাবধায়ক : ০৫]
ক পঞ্চগড় খ দিনাজপুর
গ বগুড়া ঘ রাজশাহী
উত্তর: ক

১৮. বাংলাদেশে অর্গানিক চা উৎপাদন শুরু হয়েছে- [পল্লী বিদ্যুতায়ন বোর্ড সহকারী সচিব (প্রশাসন) : ১৩/ ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৬-০৭ / আবাসন পরিদপ্তরের সহকারী পরিচালক : ০৬]
ক পঞ্চগড়ে খ রাজশাহীতে
গ মৌলভীবাজারে ঘ সিলেটে
উত্তর: ক

১৯. সম্প্রতি কোন জেলায় চা চাষ হচ্ছে? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১২-১৩]
ক টাঙ্গাইল খ কুড়িগ্রাম
গ পঞ্চগড় ঘ দিনাজপুর
উত্তর: গ

২০. বাংলাদেশের কোন জায়গাটি রাবার চাষের জন্য বিখ্যাত? [বাংলাদেশ রেলওয়ে সহকারী কমান্ডেন্ট : ০৭]
ক রামু খ রাঙ্গামাটি
গ রাঙ্গুনিয়া ঘ রামগতি
উত্তর: ক

২১. রামু উপজেলা কোন জেলায় অবস্থিত? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১২-১৩]
ক বান্দরবান খ রাঙ্গামাটি
গ খাগরাছড়ি ঘ কক্সবাজার
উত্তর: ঘ

BCS Spotlight
Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

২২. কোন জেলা তুলা চাষের জন্য বেশি উপযোগী? [১১তম বিসিএস / বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা : ১৩/ প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (মেহেরপুর) : ১৩ / রাজশাহী বিশ্ববিদ্যালয় (গণযোগাযোগ) : ০৭-০৮]

ক রাজশাহী খ ফরিদপুর
গ রংপুর ঘ যশোর **উত্তর: ঘ**

২৩. বাংলাদেশে রেশম উৎপন্ন হয়- [কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-সহকারী কৃষি কর্মকর্তা : ১৪/ প্রধানমন্ত্রীর কার্যালয় ও মন্ত্রিপরিষদ কার্যালয়ের প্রশাসনিক কর্মকর্তা : ০৪ / প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (ভরিপাল বিভাগ) : ০৩]

ক ময়মনসিংহে খ পার্বত্য চট্টগ্রামে
গ রাজশাহীতে ঘ সুন্দরবন **উত্তর: গ**

২৪. সিলেটে পাহাড়িয়া অঞ্চলে আনারস চাষের ফলে মাটির অবস্থা কেমন হয়? [থানা শিক্ষা অফিসার : ৯৯/ মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের অধীনে অধীক্ষক : ৯৮]

ক উর্বরতা বৃদ্ধি পায় খ অনুর্বর হয়
গ বনে গাছের উপকার হয় ঘ উপরের মাটির স্তর ক্ষয় হয় **উত্তর: ক**

উন্নতমানের ফসলের জাত

ফসলের নাম	ফসলের জাত
ধান (Paddy)	.ইরাটম, ব্রিশাইল, সোনার বাংলা-১, সুপার রাইস, হাইব্রীড হীরা, ময়না, চান্দিনাম, হরিধান, মালাইরি, নারিকা-১
গম (Wheat)	অগ্রণী-সোনালিকা, বলাকা, দোয়েল, আনন্দ, আকবর, কাঞ্চন, বরকত
ভুট্টা (Maize)	উত্তরণ (ব্রাক উদ্ভাবিত), বর্ণালী, শুভ্র
সরিষা (Mustard)	সফল, অগ্রণী
তুলা (Cotton)	রূপালী ও ডেলফোজ
তামাক (Tobacco)	সুমাত্রা, ম্যানিলা
মরিচ (Chilli)	যমুনা
পুঁই শাক	সবুজ ও চিত্রা
টমেটো (Tomato)	মিন্টু (বাংলাদেশে উদ্ভাবিত প্রথম হাইব্রিড টমেটো), বাহার, মানিক, রতন, ঝুমকা, সিঁদুর, শ্রাবণী
আলু (Potato)	ডায়মন্ড, কার্ডিনেল, কুফরী, সিন্দুরী
বাধাঁকপি (Cabbage)	গোল্ডেন ক্রস, কে ওয়াই ক্রস, গ্রীন এক্সপ্রেস, ড্রামহেড
আম (Mango)	মহানন্দা, মোহনভোগ, লেংড়া, গোপালভোগ
তরমুজ (Water-melon)	পদ্মা, মধুবালা (হলদে জাতের তরমুজ)
কলা (Banana)	অগ্নিশ্বর, কানাইবাঁশী, মোহনবাঁশী, বীট জবা, অমৃতসাগর, সিংগাপুরী
বেগুন (Brinjal)	ইওরা, শুকতারা ও তারাপুরী

BCS Spotlight

Scanned by CamScanner

MCQ Solution

১. **ইরাটম কি?** [২৬তম বিসিএস/ বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের সহকারী পরিচালক (প্রশাসন) : ১৩/ বাংলাদেশ রেলওয়ে উপসহকারী প্রকৌশলী (মেকানিক্যাল) : ০৬]

ক উন্নত জাতের ধান খ উন্নত জাতের ইক্ষু
গ উন্নত জাতের পাট ঘ উন্নত জাতের চা

উত্তর: ক

২. **ব্রিশাইল কি?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (বরিশাল বিভাগ) : ০৩]

ক একটি উন্নত মানের ধানের নাম খ একটি উন্নত মানের পাট
গ এক ধরনের গমের নাম ঘ একটি নদীর নাম

উত্তর: ক

৩. **সবচেয়ে উচ্চ ফলনশীল কোনটি?** [যুব উন্নয়ন অধিদপ্তরের সহকারী পরিচালক : ৯৪]

ক সাতিশাইল খ মালা ইরি
গ নাইজারশাইল ঘ পাজাম

উত্তর: খ

৪. **'সোনালিকা' ও 'আকবর' বাংলাদেশের কৃষিক্ষেত্রে কিসের নাম?** [৩২তম বিসিএস/ জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৩ - ১৪]

ক উন্নত কৃষি যন্ত্রপাতির নাম খ উন্নত জাতের ধানের নাম
গ উন্নত জাতের গমের নাম ঘ দুটি কৃষি বিষয়ক বেসরকারী সংস্থার নাম

উত্তর: গ

৫. **পাখি ছাড়া 'বলাকা' ও 'দোয়েল' নামে পরিচিত হচ্ছে –** [৩১তম বিসিএস / ২৬তম বিসিএস/ ১০তম বিসিএস]

ক দুটি কৃষি যন্ত্রপাতির নাম খ দুটি কৃষি সংস্থার নাম
গ উন্নত জাতের গম শস্য ঘ কৃষি খামারের নাম

উত্তর: গ

৬. **কোনটি 'দোয়েল' নামে পরিচিত নয়?** [প্রধানমন্ত্রীর কার্যালয়ের সহকারী পরিচালক : ১৩]

ক একটি উন্নত জাতের ইক্ষু খ একটি উন্নত জাতের গম
গ এক ধরনের পাখি ঘ একটি ল্যাপটপ

উত্তর: ক

৭. **'রূপালী' ও ডেলফোজ' কি?** [জাতীয় সংসদে প্রশাসনিক কর্মকর্তা ও প্রটোকল অফিসার : ০৬]

ক উন্নত জাতের চা খ উন্নত জাতের তুলা
গ উন্নত জাতের পশম ঘ স্বাধীনতার প্রতীক বিশেষ

উত্তর: খ

৮. **'অগ্নিশ্বর', 'কানাইবাঁশী', 'মোহনবাঁশী' ও 'বীটজবা' কি জাতীয় ফলের নাম?** [৩৬তম বিসিএস /১০তম বিসিএস]

ক পেয়ারা খ কলা
গ পেঁপে ঘ জামরুল

উত্তর: খ

৯. **বর্তমানে বাংলাদেশে বিভিন্ন প্রজাতির কলা চাষ হচ্ছে। নিচের কোনটি তাদের একটি?** [আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সহকারী সচিব (ট্রাফটিং) : ০৫]

ক হাইব্রিড খ দোয়েল
গ আনন্দ ঘ অগ্নিশ্বর

উত্তর: ঘ

১০. **'বর্ণালী এবং 'শুভ্র' কী?** [৩৫তম বিসিএস / ১২তম বেসরকারি প্রভাষক নিবন্ধন : ২০১৫ / মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রণালয়ের অধীনে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা : ০৭]

ক উন্নত জাতের ভুট্টা গ উন্নত জাতের গম
খ উন্নত জাতের আম ঘ উন্নত জাতের চাল

উত্তর: ক

BCS Spotlight

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

১১. নদী ছাড়া 'মহানন্দা' কি? [গ্রাম-প্রাথমিক সহকারী শিক্ষক (জেলা) : ১৪ / মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রণালয়ের অধীনে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা : ০৭]

ক তরমুজ খ আম
গ সরিষা ঘ বাধাকপি **উত্তর: খ**

১২. আলুর একটি জাত- [৩৭তম বিসিএস]

ক ডায়মন্ড খ রূপালী
গ ড্রামহেড ঘ ব্রিশাইল **উত্তর: ক**

১৩. 'ড্রামহেড' হচ্ছে উন্নতজাতের- [রাজশাহী বিশ্ববিদ্যালয় (গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান) : ০৭-০৮]

ক সিম খ বাঁধাকপি
গ গাভী ঘ মুরগী **উত্তর: খ**

১৪. 'মধুমালা' নামটি কি জন্য বিখ্যাত? [১২তম কেরকারি প্রজাপক নিবন্ধন : ১৫]

ক হলদে জাতের তরমুজ হিসাবে খ নায়িকা নাম হিসাবে
গ পুরস্কারপ্রাপ্ত ছবির নাম হিসাবে ঘ উন্নতজাতের ধান হিসাবে **উত্তর: ক**

১৫. **Which crop is not cultivated in Bangladesh? / কোনটি বাংলাদেশের শস্য নয়?** [Bank Asia Ltd. MTO : 11]

ⓐ Jute ⓑ rice ⓒ corn
ⓓ coconut ⓔ guar **Ans. e**

BCS Spotlight

সার

নাইট্রোজেন চক্র

মাটির উর্বরতা বৃদ্ধিতে সাহায্য করে নাইট্রোজেন। বাতাসের নাইট্রোজেন পানিতে মিশে মাটিতে শোষিত হওয়ার পরে মাটির উর্বরতা বৃদ্ধি করে। নাইট্রেট (NO_3) হিসাবে উদ্ভিদ সাধারণত মাটি থেকে নাইট্রোজেন সংগ্রহ করে। বজ্রবৃষ্টির ফলে মাটিতে উদ্ভিদের খাদ্য উপাদান বৃদ্ধি পায় নাইট্রোজেন। কারণ- আকাশে বিদ্যুৎক্ষরণের সময় নাইট্রোজেন অক্সিজেনের সাথে যুক্ত হয়ে নাইট্রোজেনের অক্সাইডসমূহ উৎপন্ন করে।

$$N_2 + O_2 = 2NO, \quad 2NO + O_2 = 2NO_2$$

নাইট্রোজেনের অক্সাইডসমূহ পানির সাথে মিশে নাইট্রিক এসিড উৎপন্ন করে।

$$4NO_2 + 2H_2O + O_2 = 4HNO_3$$

এ নাইট্রিক এসিড বৃষ্টির পানির সাথে মিশে মাটিতে পতিত হয় এবং জমির ক্ষারীয় উপাদানের সাথে বিক্রিয়া করে নাইট্রেট (NO_3) লবণ উৎপন্ন করে।

$$2HNO_3 + CaCO_3 = Ca(NO_3)_2 + H_2O + CO_2$$

উদ্ভিদ এ নাইট্রেট গ্রহণ করে।

জৈব সার

গাছপালা, পশুপাখির রেচন পদার্থ ও দেহাংশ দিয়ে যে সার তৈরি করা হয়, তাকে বলে জৈব সার। গোবরসার, কম্পোস্ট, খইল, হাড়গুড়ো, পোল্টলিটার, কাঠেরছাই প্রভৃতি খুবই পরিচিত জৈব সার। ধৈঞ্চা সবুজ সারও একটি উৎকৃষ্ট জৈব সার।

Scanned by CamScanner

নাইট্রোজেন সার

ইউরিয়া, ক্যালসিয়াম নাইট্রেট, সোডিয়াম নাইট্রেট, ক্যালসিয়াম অ্যামোনিয়াম নাইট্রেট, অ্যামোনিয়াম সালফেট, সরিষার খৈল ইত্যাদি নাইট্রোজেন সম্বলিত সার। নাইট্রোজেন গ্যাস থেকে ইউরিয়া, অ্যামোনিয়াম সালফেট প্রভৃতি সার প্রস্তুত করা হয়। নাইট্রোজেন সার উদ্ভিদের বৃদ্ধির জন্য অপরিহার্য।

ইউরিয়া : আমাদের দেশে ইউরিয়া সার উৎপাদনের প্রধান কাঁচামাল হলো প্রাকৃতিক গ্যাস। বেসিমার পদ্ধতিতে ইউরিয়া সার উৎপাদিত হয়। ইউরিয়া সার থেকে উদ্ভিদ নাইট্রোজেন সংগ্রহ করে। ইউরিয়া সারে ৪৪-৪৬% নাইট্রোজেন থাকে। ইউরিয়া সারের প্রধান কাজ হলো গাছকে সবুজ ও সতেজ করা। ইউরিয়া মিশ্রিত খড়ে আমিষ উৎপাদনকারী নাইট্রোজেন পর্যাপ্ত থাকে। এজন্য ইউরিয়া মিশ্রিত খড় খাওয়া গরু মোটা তাজা হয়।

ফসফেট সার

ফসফেট সার হলো টি.এস.পি, ক্যালসিয়াম সুপার ফসফেট, ক্যালসিয়াম সুপার ফসফেট নাইট্রেট, ফসফেটিক স্ল্যাগ, ডাই অ্যামোনিয়াম ফসফেট ইত্যাদি। ফসলের মূল বৃদ্ধিতে ফসফরাস সার অপরিহার্য। টি,এস,পি হল মনো ক্যালসিয়াম ফসফেট $[Ca(H_2PO_4)_2]$। সাধারণ সুপার ফসফেট সারের তুলনায় এর ভিতর তিনগুণ পরিমাণে মনো ক্যালসিয়াম ফসফেট থাকে। তাই একে ট্রিপল সুপার ফসফেট বলা হয়।

পটাসিয়াম সমৃদ্ধ সার

পটাসিয়াম সমৃদ্ধ সার হলো মিউরেট অব পটাশ। পটাশ সার মূলত ফুল-ফল ধারণে বিশেষ ভূমিকা রাখে।

স্বর্ণা

স্বর্ণা এক ধরনের জৈব সার। ১৯৮৭ সালে স্বর্ণা সার আবিষ্কার করেন ড. সৈয়দ আবদুল খালেক। এই সারের বৈজ্ঞানিক নাম ফাইটা হরমোন ইনডিউসার।

MCQ Solution

১. **মাটির উর্বরতা বৃদ্ধিতে সাহায্য করে বায়ুর –** [প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (সুরমা, বিলাম) : ১৩ / রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (হাসনাহেনা) : ১১ / প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (রাজশাহী বিভাগ) : ০৬]

ক অক্সিজেন খ কার্বন ডাই অক্সাইড
গ নাইট্রোজেন ঘ হাইড্রোজেন **উত্তর: গ**

২. **মাটিতে নাইট্রোজেন আবদ্ধ করতে কোন মৌল সাহায্য করে?** [রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (টগর) : ১১]

ক ক্যালসিয়াম খ অক্সিজেন
গ জিংক ঘ সোডিয়াম **উত্তর: ক**

৩. **বাতাসের নাইট্রোজেন কিভাবে মাটির উর্বরতা বৃদ্ধি করে?** [১৫তম বিসিএস / তথ্য মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ টেলিভিশনের অডিয়েন্স রিসার্চ অফিসার : ০৬]

ক সরাসরি মাটিতে মিশ্রিত হয়ে জৈব বস্তু প্রস্তুত করে
খ ব্যাকটেরিয়ার সাহায্যে উদ্ভিদের গ্রহণ উপযোগী বস্তু প্রস্তুত করে
গ পানিতে মিশে মাটিতে শোষিত হওয়ার ফলে
ঘ মাটির অজৈব লবণকে পরিবর্তিত করে **উত্তর: গ**

BCS Spotlight

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

৪. কোন রাসায়নিক যৌগে উদ্ভিদ সাধারণত মাটি থেকে নাইট্রোজেন সংগ্রহ করে- [গণপূর্ত অধিদপ্তরের উপবিভাগীয় অফিসার (আরবরিকালচার) : ০৩]

ক N_2 খ NO_2
গ NH_3 ঘ NO_3 **উত্তর: ঘ**

৫. বজ্রবৃষ্টির ফলে মাটিতে উদ্ভিদের কোন খাদ্য উপাদান বৃদ্ধি পায় - [গণপূর্ত অধিদপ্তরের উপবিভাগীয় অফিসার (আরবরিকালচার) : ০৩]

ক ফসফরাস খ নাইট্রোজেন
গ পটাসিয়াম ঘ অক্সিজেন **উত্তর: খ**

৬. নাইট্রোজেন সমৃদ্ধ জৈব সার কোনটি? [থানা শিক্ষা অফিসার : ১০]

ক হাড়ের গুড়া খ সরিষার খৈল
গ গৃহস্থলির ছাই ঘ মাছের কাঁটা **উত্তর: খ**

৭. নাইট্রোজেনের প্রধান উৎস কোনটি? [মহিলা বিষয়ক অধিদপ্তরের অধীনে উপজেলা মহিলা কর্মকর্তা: ০৫/কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন পরিদপ্তরের সহকারী পরিদর্শক (প্রকৌশল) : ০৫]

ক মাটি খ উদ্ভিদ
গ বায়ুমণ্ডল ঘ প্রাণীদেহ **উত্তর: গ**

৮. কোনটি জৈব সার নয়? [রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (টগর) : ১১/ প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (বরিশাল বিভাগ) : ০৮]

ক সবুজ সার খ গোবর সার
গ কম্পোস্ট সার ঘ ইউরিয়া সার **উত্তর: ঘ**

৯. নাইট্রোজেন গ্যাস থেকে কোন সার প্রস্তুত করা হয়? [২৬তম বিসিএস / প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (শীতলক্ষ্যা) : ১৩ / রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (শাপলা) : ১১ / প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (কক্স) : ১০]

ক টি. এস. পি খ ইউরিয়া
গ সবুজ সার ঘ মিউরেট অব পটাশ **উত্তর: খ**

১০. ইউরিয়া সার থেকে উদ্ভিদ কোন খাদ্য উপাদানটি লাভ করে? [৩৪তম বিসিএস / সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা : ১২]

ক ফসফরাস খ নাইট্রোজেন
গ পটাসিয়াম ঘ সালফার **উত্তর : খ**

১১. ইউরিয়া সারে নাইট্রোজেনের পরিমাণ কত? [মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের অধীনে অধীক্ষক : ৯৮/ মাধ্যমিক বিদ্যালয় প্রধান শিক্ষক : ৯৭]

ক ২০ - ৩০ শতাংশ খ ৩০ - ৪২ শতাংশ
গ ৪৪ - ৪৬ শতাংশ ঘ ৬০ - ৭০ শতাংশ **উত্তর: গ**

১২. ইউরিয়া সারে কত ভাগ নাইট্রোজেন থাকে? [গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের থানা প্রকৌশলী, সিভিল ইঞ্জিনিয়ারিং : ৯৯]

ক ৪০% খ ৪৬%
গ ৫০% ঘ ৫৫% **উত্তর: খ**

১৩. বেসিমার পদ্ধতি দ্বারা কি উৎপাদন করা হয়? [শ্রম অধিদপ্তরে শ্রম কর্মকর্তা এবং জনসংখ্যা পরিবারকল্যাণ কর্মকর্তা : ০৩]

ক সাবান খ ইউরিয়া
গ ইস্পাত ঘ পেট্রোল **উত্তর: খ**

১৪. ইউরিয়া সারের কাঁচামাল - [১১তম বিসিএস/ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের সহকারী ভূপদার্থবিদ : ৯৮]

ক অপরিশোধিত তেল খ ক্রিংকার
গ এমোনিয়া ঘ মিথেন গ্যাস **উত্তর: ঘ**

BCS Spotlight

Scanned by CamScanner

১৫. **আমাদের দেশে ইউরিয়া সার উৎপাদন করার কাঁচামাল কি?** [প্রধানমন্ত্রীর কার্যালয়ে পার্সোনাল অফিসার : ০৪/ জাতীয় সংসদ সচিবালয়ের অধীন সহকারী সচিব : ৯৬]

ক কয়লা খ বাতাস থেকে আহরিত অক্সিজেন ও নাইট্রোজেন
গ প্রাকৃতিক গ্যাস ঘ খনি থেকে আহরিত নাইট্রেট
উত্তর: গ

১৬. **ইউরিয়া সারের প্রধান কাজ কি?** [আবহাওয়া অধিদপ্তরের অধীন সহকারী আবহাওয়াবিদ : ০৭/ থানা শিক্ষা অফিসার : ৯৬]

ক গাছকে সবুজ ও সতেজ করা খ গাছের পোকামাকড় রোধ করা
গ গাছের কাণ্ডকে শক্ত করা ঘ শাকশব্জির স্বাদ বৃদ্ধি করা
উত্তর: ক

১৭. **ইউরিয়া মিশ্রিত খড় খাওয়া গরু মোটা তাজা হয় কেন?** [যুব উন্নয়ন অধিদপ্তরের সহকারী পরিচালক : ৯৪]

ক ইউরিয়া মিশ্রিত খড় তাড়াতাড়ি হজম হয়
খ ইউরিয়া মিশ্রিত খড়ে প্রচুর ভিটামিন থাকে
গ ইউরিয়া মিশ্রিত খড়ে আমিষ উৎপাদনকারী নাইট্রোজেন পর্যাপ্ত থাকে
ঘ ইউরিয়া মিশ্রিত খড়ে প্রচুর ফসফরাস থাকে
উত্তর: গ

১৮. **ট্রিপল সুপার ফসফেট হলো-** [আবহাওয়া অধিদপ্তরের অধীন সহকারী আবহাওয়াবিদ : ৯৫]

ক এক জাতীয় কীটনাশক খ এক জাতীয় সার
গ এক জাতীয় ঔষধ ঘ এক জাতীয় পশু খাদ্য
উত্তর: খ

১৯. **কোন মৌল গাছে সরবরাহের জন্য মাটিতে 'মিউরেট অব পটাশ' দেওয়া হয়?** [গণপূর্ত অধিদপ্তরে উপসহকারী প্রকৌশলী (সিভিল) : ০৪/ গণপূর্ত অধিদপ্তরের উপসহকারী প্রকৌশলী (ইলেকট্রিক্যাল ম্যাকানিকাল) : ০৪]

ক নাইট্রোজেন খ ফসফরাস
গ সালফার ঘ পটাসিয়াম
উত্তর: ঘ

২০. **বাংলাদেশে উৎপাদিত রাসায়নিক সার এর কাঁচামাল -** [কারা অধিদপ্তরের কারা তত্ত্বাবধায়ক : ১৩]

ক প্রাকৃতিক গ্যাস খ LNG
গ বিটুমিনাস কয়লা ঘ খনিজ তেল
উত্তর: ক

২১. **নিম্নোক্ত কোনটি অম্লধর্মী সার?** [উপজেলা ও থানা শিক্ষা অফিসার : ০৫]

ক ইউরিয়া খ অ্যামোনিয়াম সালফেট
গ অ্যামোনিয়াম নাইট্রেট ঘ সবগুলো
উত্তর: ঘ

২২. **জমিতে সার হিসেবে নিম্নের কোন পদার্থ ব্যবহার করা হয়?** [মাধ্যমিক বিদ্যালয় সহকারী প্রধান শিক্ষক ও জেলা সহকারী শিক্ষা অফিসার : ০৩/ যুব উন্নয়ন অধিদপ্তরের সহকারী পরিচালক : ৯৯]

ক ক্যালসিয়াম সালফেট খ কপার সালফেট
গ অ্যামোনিয়াম সালফেট ঘ ম্যাগনেসিয়াম
উত্তর: গ

মাটি

পৃথিবীর বিশাল প্রাকৃতিক শোধনাগার হচ্ছে মাটি। সাধারণত আদর্শ মাটিতে ৫% ভাগ জৈব পদার্থ থাকে।

মাটির প্রকারভেদ

* প্রাকৃতিক ও রাসায়নিক গঠনের উপর ভিত্তি করে মাটি ৫ প্রকার। যথা-

১. পাহাড়ি মাটি ২. ল্যাটোসেলিক মাটি
৩. পলল মাটি ৪. জলাভূমি মাটি ৫. কোষ মাটি।

* বুনটের উপর ভিত্তি করে মাটি ৩ প্রকার। যথা - বেলে মাটি, দোআঁশ মাটি, এঁটেল মাটি।

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

বেলে মাটি : যে মাটিতে ৭০ ভাগ বা তার বেশি বালিকণা থাকে, তাকে বেলে মাটি বলে। মরুভূমি, চরাঞ্চল ও সমুদ্র উপকূলে বেলে মাটি দেখা যায়। এই মাটির পানি ধারণক্ষমতা কম। এই মাটিতে জৈব পদার্থ নেই। তাই এ মাটি চাষের উপযোগী নয়।

দো-আঁশ মাটি : যে মাটিতে বালি, পলি, কর্দমকণা প্রায় সমান অনুপাতে বিদ্যমান থাকে, তাকে দো-আঁশ মাটি বলে। এ মাটিতে জৈব পদার্থের পরিমাণ বেশি, তাই চাষের জন্য সর্বাপেক্ষা উপযোগী। এ মাটির পানি ধারণ ও শোষণক্ষমতা উভয়ই বেশি। বাংলাদেশের অধিকাংশ মাটি দো-আঁশ মাটি। কৃষিক্ষেত্রে দো-আঁশ মাটিকে আদর্শ মাটি বলা হয়।

এঁটেল মাটি : যে মাটিতে ৪০-৫০% কর্দমকণা থাকে, তাকে এঁটেল মাটি বলে। এই মাটির পানি ধারণক্ষমতা সর্বোচ্চ। এই মাটিকে ভারি মাটিও বলা হয়।

মাটি	পানি ধারণক্ষমতা	পানি শোষণক্ষমতা
বেলে মাটি	সর্বনিম্ন	সর্বোচ্চ
দোআঁশ মাটি	বেশি	বেশি
এঁটেল মাটি	সর্বোচ্চ	সর্বনিম্ন

অম্ল মাটি : অম্ল (Acid) মাটি অনুর্বর হয়। এজন্য কৃষি জমিতে মাটির অম্লতা হ্রাসের জন্য চুন ব্যবহার করা হয়।

MCQ Solution

১. **কোনটি পৃথিবীর বিশাল প্রাকৃতিক শোধনাগার?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (কর্ণফুলী) : ১২]
ক বায়ু খ মাটি
গ পানি ঘ গাছপালা
উত্তর: খ

২. **আদর্শ মাটিতে কত ভাগ জৈব পদার্থ থাকে?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (সুরমা) : ১২ / প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (নাগলিঙ্গম) : ১২]
ক ৪% খ ৫%
গ ৭% ঘ ৮%
উত্তর: খ

৩. **প্রাকৃতিক ও রাসায়নিক গঠনের উপর ভিত্তি করে বাংলাদেশের মাটিকে কতভাগে ভাগ করা যায়?** [শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সহকারী প্রধান পরিদর্শক (সাধারণ) : ০৯]
ক ৫ ভাগে খ ৩ ভাগে
গ ৬ ভাগে ঘ ৪ ভাগে
উত্তর: ক

৪. **কোন মাটির পানি ধারণ ক্ষমতা সবচেয়ে কম?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (করতোয়া) : ১২]
ক বেলে মাটি খ এঁটেল মাটি
গ দো-আঁশ মাটি ঘ এর কোনোটিই নয়
উত্তর: ক

৫. **কোন প্রকার মাটি পাট চাষের জন্য সর্বাপেক্ষা উপযোগী?** [খাদ্য অধিদপ্তরের সহকারী উপ-খাদ্য পরিদর্শক : ০৯]
ক বেলে খ দোঁ-আশ
গ এঁটেল ঘ কংকর
উত্তর: খ

৬. **কোন মাটিতে সমান পরিমাণে বালি, পলি ও কাদা থাকে?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (যমুনা) : ১২ / প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (শিউলী) : ০৯ / প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (রাজশাহী বিভাগ) : ০৮]
ক বেলে মাটি খ পলিমাটি
গ দো-আঁশ মাটি ঘ এঁটেল মাটি
উত্তর: গ

BCS Spotlight

Scanned by CamScanner

৭. **ফসল উৎপাদনের জন্য কোন ধরনের মাটি উত্তম?** [অগ্রণী ব্যাংক লি. সিনিয়র অফিসার : ১৫ / ৩য় বিসিএস (সহকারী জজ) : ০৭]

ক) এঁটেল মাটি খ) পলি মাটি
গ) বেলে মাটি ঘ) দো-আঁশ মাটি

উত্তর: ঘ

৮. **কোন মাটির পানি ধারণ ক্ষমতা বেশি?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (কর্মফুলী) : ১২/ তুলা উন্নয়ন বোর্ডের কর্মকর্তা : ৯৭]

ক) বেলে মাটি খ) এঁটেল মাটি
গ) দো-আঁশ মাটি ঘ) পলি মাটি

উত্তর: খ

৯. **Acid (অম্ল) মাটি কেমন?** [মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের অধীনে অধীক্ষক : ৯৮/ মাধ্যমিক বিদ্যালয় প্রধান শিক্ষক : ৯৭]

ক) উর্বর খ) জৈব
গ) অনুর্বর ঘ) প্রচুর ক্যালসিয়াম

উত্তর: গ

১০. **কৃষি জমিতে কিসের জন্য চুন ব্যবহার করা হয়?** [গণপূর্ত অধিদপ্তরের উপবিভাগীয় অফিসার, আরবরিকালচার : ০৩]

ক) মাটির ক্ষয়রোধ করার জন্য খ) মাটির অম্লতা বৃদ্ধির জন্য
গ) মাটির অম্লতা হ্রাসের জন্য ঘ) জৈব পদার্থ বৃদ্ধির জন্য

উত্তর: গ

১১. **জমির লবণাক্ততা নিয়ন্ত্রণ করে কোনটি?** [৪র্থ বিসিএস]

ক) কৃত্রিম সার প্রয়োগ খ) পানি সেচ
গ) মাটিতে নাইট্রোজেন ধরে রাখা ঘ) প্রাকৃতিক গ্যাস প্রয়োগ

উত্তর: খ

বাংলাদেশের কৃষিবিষয়ক প্রতিষ্ঠান

প্রতিষ্ঠানের নাম	অবস্থান
বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট	জয়দেবপুর, গাজীপুর
বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট	ময়মনসিংহ
বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট	জয়দেবপুর, গাজীপুর
বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট	মানিক মিয়া এভিনিউ, ঢাকা
বাংলাদেশ ইক্ষু গবেষণা ইনস্টিটিউট	ঈশ্বরদী, পাবনা
বাংলাদেশ চা গবেষণা ইনস্টিটিউট	শ্রীমঙ্গল, সিলেট
বাংলাদেশ পশুসম্পদ গবেষণা ইনস্টিটিউট	সাভার, ঢাকা
বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট	রাজশাহী
বাংলাদেশ চামড়া গবেষণা ইনস্টিটিউট	সাভার, ঢাকা
বাংলাদেশ মৌমাছি পালন ইনস্টিটিউট	ঢাকা
বাংলাদেশ আম গবেষণা কেন্দ্র	চাপাইনবাবগঞ্জ
বাংলাদেশ গম গবেষণা কেন্দ্র	নশিপুর, দিনাজপুর
বাংলাদেশ মসলা গবেষণা কেন্দ্র	শিবগঞ্জ, বগুড়া
বাংলাদেশ ডাল গবেষণা কেন্দ্র	ঈশ্বরদী, পাবনা
মৃত্তিকা গবেষণা ইনস্টিটিউট	ফার্মগেট, ঢাকা
বাংলাদেশ রাবার বোর্ড	চান্দগাঁও, চট্টগ্রাম

BCS Spotlight

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

BADC : বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (Bangladesh Agricultural Development Corporation – BADC) কৃষি মন্ত্রণালয়ের অধীন একটি স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান। বিএডিসির ওপর অর্পিত মৌলিক কাজগুলো হচ্ছে : সারাদেশে কৃষি উপকরণ উৎপাদন, সংগ্রহ, পরিবহন, সংরক্ষণ ও বিতরণ ব্যবস্থা টেকসই করা এবং অত্যাবশ্যকীয় কৃষি উপকরণ যেমন: বীজ, সার সরবরাহ এবং কৃষকের জন্য সেচের সুযোগ সৃষ্টি করা।

ডিএই (DAE) : DAE- এর পূর্ণরূপ Department of Agricultural Extension (কৃষি সম্প্রসারণ অধিদপ্তর)। কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কাজ হলো স্থায়ী কৃষি ও আর্থসামাজিক উন্নয়নে অবদান রাখার জন্য সকল শ্রেণির চাষীদেরকে চাহিদা অনুযায়ী ফলপ্রসু ও কার্যকর সম্প্রসারণ সেবা প্রদান করা। কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ঢাকার খামারবাড়ি, ফার্মগেটে অবস্থিত।

ধান গবেষণা ইনস্টিটিউট

নাম	BRRI	IRRI
অবস্থান	জয়দেবপুর, গাজীপুর	ম্যানিলা, ফিলিপাইন
প্রতিষ্ঠাকাল	১৯৭০ সালে	১৯৬০ সালে
পূর্ণরূপ	Bangladesh Rice Research Institute	International Rice Research Institute

MCQ Solution

১. প্রধান বীজ উৎপাদনকারী সরকারী প্রতিষ্ঠান- [৩৭তম বিসিএস]
ক BARI খ BRRI
গ BADC ঘ BINA
উত্তর: গ

২. **BADC**- এর কাজ কি? [শিল্প মন্ত্রণালয়ের অধীন বিসিআইসি'র সহকারী ব্যবস্থাপক (প্রশাসন) : ১১]
ক কৃষি উন্নয়ন খ শিল্পোন্নয়ন
গ চিকিৎসা উন্নয়ন ঘ কোনোটিই নয়
উত্তর: ক

৩. **BADC'র পূর্ণরূপ কোনটি?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ৯০]
ক Bangladesh Agricultural Development Corporation
খ Bangladesh Agricultural Development Council
গ Bangladesh Atomic Development Centre
ঘ Bangladesh Agricultural Development Centre
উত্তর: ক

৪. **BARI** এর পূর্ণ রূপ- [রাজশাহী বিশ্ববিদ্যালয় (সমাজকর্ম বিভাগ) : ০৩-০৪]
ক Bangladesh Agricultural Research Institute
খ Bangladesh Agriculture Research Institute
গ Bangladesh Agronomy Research Institute
ঘ Bangladesh Agricultural Research Institution
উত্তর: ক

BCS Point

Scanned by CamScanner

৫. **DAE Stands for-** [Sonali, Janata, Agrani Bank Ltd. Senior Officer : 08]
ⓐ Develop Annual Employment
ⓑ Department of Agricultural Extension
ⓒ Department of Agriculture and Engineering
ⓓ Development of Agricultural Extension
ⓔ None of these
Ans. b

৬. ডিএই (DAE) বাংলাদেশে সরকারের কী বিষয়ক সংস্থা? [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১২- ১৩]
ক ঔষধ খ কৃষি
গ শিক্ষা ঘ নাট্যকলা
উত্তর: খ

৭. ধান গবেষণা ইন্সটিটিউটের সংক্ষিপ্ত নাম কি? [জেলা প্রাথমিক শিক্ষা অফিসার : ৯৩]
ক BRRI খ IRRB
গ BARI ঘ BIRR
উত্তর: ক

৮. **The acronym B.R.R.I stands for -**[Bangladesh Bank Asst. Director : 08]
Or,
B.R.R.I. এর পূর্ণরূপ কি? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (গ ইউনিট) : ১৪ - ১৫]
ⓐ British Rural Research Institute
ⓑ Bangladesh Road and Railway Institute
ⓒ Bangladesh Rice Research Institute
ⓓ Bangladesh Rice Research Institution
ⓔ None of them
Ans. c

৯. **Where is Bangladesh Rice Research Institute (BRRI) located?**
[Mercantile Bank Ltd. Probationary Officer : 11/ RAKUB Senior Officer : 10 / Standard Bank Ltd. Officer : 06]
Or,
বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট এর সদর দফতর কোথায় অবস্থিত? [স্থানীয় সরকার জনস্বাস্থ্য প্রকৌশল উপসহকারী : ১৫ / কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-সহকারী কৃষি কর্মকর্তা : ১৪ / প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (ময়মনা) : ১২]
ⓐ Dhaka ⓑ Mymensingh
ⓒ Gazipur ⓓ Sylhet
ⓔ None of these
Ans. c

১০. বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট কোথায় অবস্থিত? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৬-০৭]
ক জয়দেবপুর খ ময়মনসিংহ
গ ঢাকা ঘ দিনাজপুর
উত্তর: ক

১১. **Where IRRI (International Rice Research Institute) is located?**
[RAKUB Officer : 11/ Bangladesh Bank Officer : 01]
Or,
আন্তর্জাতিক ধান গবেষণা ইন্সটিটিউট (ইরি) কোথায় অবস্থিত? [আনসার ও ভিডিপি অধিদপ্তরের সার্কেল অ্যাডজুটেন্ট : ১৫]
ⓐ Gazipur ⓑ Bangkok
ⓒ Manila ⓓ Maldives
Ans. c

BCS Spotlight

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

১২. **বাংলাদেশ ইক্ষু গবেষণা ইনস্টিটিউট কোথায় অবস্থিত?** [২৭তম বিসিএস/ পরিবার পরিকল্পনা অধিদপ্তর : ১৪/ বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা : ১৩/ খাদ্য অধিদপ্তরে খাদ্য পরিদর্শক : ১১]

ক) দিনাজপুর খ) গোপালপুর
গ) পাকশী ঘ) ঈশ্বরদী **উত্তর: ঘ**

১৩. **বাংলাদেশের চিনি শিল্পের ট্রেনিং ইনস্টিটিউট কোথায় অবস্থিত?** [২৬তম বিসিএস]

ক) দিনাজপুর খ) রংপুর
গ) ঈশ্বরদী ঘ) যশোর **উত্তর: গ**

১৪. **'চা গবেষণা কেন্দ্র' অবস্থিত-** [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০২-০৩]

ক) ঢাকায় খ) সিলেটে
গ) শ্রীমঙ্গলে ঘ) চট্টগ্রামে **উত্তর: গ**

১৫. **বাংলাদেশের বৃহত্তম কৃষি উদ্যান কোথায় অবস্থিত?** [মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী : ১৩]

ক) ঢাকা খ) গাজীপুর
গ) রংপুর ঘ) খুলনা **উত্তর:**

খনিজ সম্পদ

প্রাকৃতিক গ্যাস (Natural Gas)

প্রাকৃতিক গ্যাস বাংলাদেশের প্রধান খনিজ সম্পদ। ১৯৫৫ সালে সিলেটের হরিপুরে বাংলাদেশে প্রথম গ্যাসফিল্ড আবিষ্কৃত হয়। বাংলাদেশে প্রথম গ্যাস উত্তোলন করা হয় ১৯৫৭ সালে। প্রাকৃতিক গ্যাসের প্রধান উপাদান মিথেন। আমাদের দেশে প্রাপ্ত প্রাকৃতিক গ্যাসে মিথেনের পরিমাণ প্রায় ৯৫% - ৯৯%। বাংলাদেশের সবচেয়ে বড় গ্যাসক্ষেত্র তিতাস। ঢাকা শহরে গ্যাস সরবরাহ করা হয় তিতাস গ্যাস ক্ষেত্র হতে। সিএনজি (CNG)-এর অর্থ- কমপ্রেস করা প্রাকৃতিক গ্যাস।

গ্যাস সম্পদ দ্রুত অনুসন্ধানের লক্ষ্যে সরকার ১৯৮৮ সালে সমগ্র বাংলাদেশকে ২৩ টি ব্লকে বিভক্ত করে। এছাড়া বাংলাদেশের সমুদ্র এলাকায় তেল গ্যাস অনুসন্ধানের জন্য উক্ত এলাকাকে ২৮ টি নতুন ব্লকে বিভক্ত করে সরকার আন্তর্জাতিক দরপত্র আহবান করে।

গ্যাসের মজুদ ও উত্তোলন : গ্যাসফিল্ডগুলোর উত্তোলনযোগ্য সম্ভাব্য ও প্রমাণিত মজুদের পরিমাণ ২৭.৩৮ ট্রিলিয়ন ঘনফুট। এর মধ্যে ডিসেম্বর, ২০১৩ পর্যন্ত ১১.৭২ ট্রিলিয়ন ঘনফুট গ্যাস উত্তোলন করা হয়েছে। ফলে ১৫.৩২ ট্রিলিয়ন ঘনফুট প্রমাণিত মজুদ গ্যাস অবশিষ্ট আছে। বাংলাদেশে এ পর্যন্ত ২৬টি গ্যাসক্ষেত্র আবিষ্কৃত হয়েছে। বর্তমানে ২০টি গ্যাসক্ষেত্রের ৯০টি কূপ থেকে গ্যাস উত্তোলিত হচ্ছে। তিতাস গ্যাস ক্ষেত্রে সর্বাধিক ২০টি কূপ আছে।

বাংলাদেশের গ্যাসক্ষেত্র : বাংলাদেশে বর্তমানে ২৬টি গ্যাসক্ষেত্র রয়েছে। এর মধ্যে উপকূলীয় অঞ্চলে রয়েছে ২টি গ্যাসক্ষেত্র। যথা- সাঙ্গু ও কুতুবদিয়া। সমুদ্র এলাকায় বাংলাদেশের প্রথম গ্যাসক্ষেত্র সাঙ্গু।

BCS Spotlight

Scanned by CamScanner

গ্যাসক্ষেত্র	অবস্থান	গ্যাসক্ষেত্র	অবস্থান
হরিপুর	সিলেট	বাঙ্গুরা	কুমিল্লা
মাগুরছড়া বা কমলগঞ্জ	মৌলভীবাজার	বাখরাবাদ	কুমিল্লা
বিয়ানিবাজার	সিলেট	সুন্দলপুর	নোয়াখালী
ফেঞ্চুগঞ্জ	সিলেট	শ্রীকাইল	কুমিল্লা
জালালাবাদ	সিলেট	মেঘনা	কুমিল্লা
শাহবাজপুর	সিলেট	বেগমগঞ্জ	নোয়াখালী
বিবিয়ানা	হবিগঞ্জ	ফেনী	ফেনী
ছাতক	সুনামগঞ্জ	সেমুতাং	খাগড়াছড়ি
রশিদপুর	মৌলভীবাজার	কুতুবদিয়া	কক্সবাজার
কৈলাসটিলা	সিলেট	সাঙ্গু	বঙ্গোপসাগর
হবিগঞ্জ	হবিগঞ্জ	কামতা	গাজীপুর
তিতাস	ব্রাহ্মণবাড়িয়া	নরসিংদী	নরসিংদী
সালদা নদী	ব্রাহ্মণবাড়িয়া	রূপগঞ্জ	নারায়ণগঞ্জের

গ্যাসক্ষেত্রে অগ্নিকাণ্ড : ১৯৯৭ সালের ১৪ জুন মাগুরছড়া গ্যাসক্ষেত্রে অগ্নিকাণ্ড হয়। এটি বাংলাদেশের কোন গ্যাসক্ষেত্রে প্রথম অগ্নিকাণ্ড। অগ্নিকাণ্ডের সময় এ গ্যাসক্ষেত্রের দায়িত্বে ছিল অক্সিডেন্টাল (যুক্তরাষ্ট্র)। ২০০৫ সালের ৭ জানুয়ারি ও ২৪ জুন টেংরাটিলা গ্যাসক্ষেত্রে অগ্নিকাণ্ড ঘটে। এই গ্যাসক্ষেত্রটিতে আগুন লেগে সর্বাপেক্ষা ক্ষতিগ্রস্থ হয়েছে। এ সময় এই গ্যাসক্ষেত্রে কূপখননের দায়িত্বে ছিল কানাডিয়ান কোম্পানি নাইকো।

পেট্রোবাংলা (Petrobangla) : পেট্রোবাংলা প্রতিষ্ঠিত হয় ২৬ মার্চ, ১৯৭২। এটি বাংলাদেশ মিনারেল অয়েল অ্যান্ড গ্যাস কর্পোরেশন (বিওজিএমসি)- এর উত্তরসূরি প্রতিষ্ঠান। ১৯৮৯ সালে একটি অধ্যাদেশ জারি করার মাধমে তেল, গ্যাস ও খনিজ অনুসন্ধান এবং তাদের উন্নয়ন সংক্রান্ত সকল কর্মকাণ্ড পরিচালনার দায়িত্ব পেট্রোবাংলাকে দেয়া হয়। পেট্রোবাংলার অধীনে পরিচালিত ১১ টি কোম্পানি আছে। বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন কোম্পানি লিমিটেড (Bapex), জালালাবাদ গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিসট্রিবিউশন কোম্পানি লিমিটেড, বাংলাদেশ গ্যাসফিল্ড কোম্পানি লিমিটেড, রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানি লি., সিলেট গ্যাসফিল্ড কোম্পানি লিমিটেড, পশ্চিমাঞ্চলীয় গ্যাস কোম্পানি লিমিটেড, গ্যাস ট্রান্সমিশন কোম্পানি লিমিটেড, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানি লিমিটেড, তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিসট্রিবিউশন কোম্পানি লিমিটেড, মধ্যপাড়া হার্ডরক মাইনিং কোম্পানি লিমিটেড এবং বাখরাবাদ গ্যাস সিস্টেমস লিমিটেড। এছাড়া কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড ও সুন্দরবন গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড নামক আরও দুটি প্রতিষ্ঠান পেট্রোবাংলার অধীনে চালু হয়েছে। বাংলাদেশে তেল-গ্যাস্স আবিষ্কারের সর্বোচ্চ সাফল্য বাপেক্সের।

Petrobangla

BCS Spotlight

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight

Scanned by CamScanner

খনিজ তেল (Mineral Oil)

বাংলাদেশে ১৯৮৬ সালের ২২ ডিসেম্বর সিলেটের হরিপুরে সর্বপ্রথম খনিজ তেল পাওয়া যায়। এছাড়া মৌলভীবাজার জেলার বরমচালে একটি তেলক্ষেত্র আবিষ্কৃত হয়েছে। রশীদপুর ও তিতাস গ্যাসক্ষেত্রে সামান্য পরিমাণ খনিজ তেলের সন্ধান পাওয়া গেছে। ১৯৮৭ সালে হরিপুর তেলক্ষেত্র থেকে গ্যাস উত্তোলন শুরু হয় এবং ০৭ সেপ্টেম্বর ১৯৯৪ সালে তেল উত্তোলন বন্ধ হয়ে যায়। তেল বিতরণ ও বিপণন কোম্পানি হচ্ছে তিনটি। যথা- পদ্মা অয়েল কোম্পানি লি. (POCL), যমুনা অয়েল কোম্পানি লি. (JOCL) এবং মেঘনা পেট্রোলিয়াম লি. (MPL)। বাংলাদেশের তেল শোধনাগার ইস্টার্ন রিফাইনারি চট্টগ্রামে অবস্থিত।

কয়লা (Coal)

বাংলাদেশে প্রথম কয়লা খনির সন্ধান পাওয়া গেছে জয়পুরহাট জেলার জামালগঞ্জে। এ খনিতে হীরক ও স্বর্ণের সন্ধান পাওয়ার সম্ভাবনা রয়েছে। এছাড়া রংপুর জেলার খালাশপীর, নওগাঁর পত্নীতলা, দিনাজপুর জেলার বড়পুকুরিয়া, ফুলবাড়ী, দীঘিপাড়া, সুনামগঞ্জ জেলার লালঘাট, টাকেরঘাট প্রভৃতি স্থানে উন্নতমানের বিটুমিনাস ও লিগনাইট কয়লা পাওয়া যায়। ফরিদপুরের চান্দাবিল ও বাঘিয়া বিল, খুলনা অঞ্চলের কোলা বিল, সিলেট, ব্রাহ্মণবাড়িয়া, ময়মনসিংহ প্রভৃতি স্থানে পিট কয়লা পাওয়া গেছে। 'আইভরি ব্ল্যাক' হলো অস্থিজ কয়লা। বড়পুকুরিয়া কয়লাখনি ১৯৮৫ সালে আবিষ্কৃত হয়। এ খনির আয়তন- ৩.২ বর্গ কি.মি। বড়পুকুরিয়ায় বাংলাদেশের প্রথম কয়লাচালিত বিদ্যুৎকেন্দ্র স্থাপিত হয়েছে।

কঠিন শিলা (Hard Rock)

রংপুর জেলায় বদরগঞ্জ, মিঠাপুকুর এবং দিনাজপুরের পার্বতীপুরের মধ্যপাড়ার কঠিন শিলার সন্ধান পাওয়া গেছে। ১৯৭৩ সালে দিনাজপুরের মধ্যপাড়ার কঠিন শিলা খনি আবিষ্কৃত হয়। মধ্যপাড়া কঠিন শিলা এলাকার বিস্তার ১.৪৪ বর্গ কি.মি.।

চুনাপাথর (Lime Stone)

টাকেরহাট, লালঘাট, জাফলং, ভাঙ্গারহাট, জকিগঞ্জ, জয়পুরহাট, জামালগঞ্জ, সেন্টমার্টিন দ্বীপ ও সীতাকুণ্ডে চুনাপাথর পাওয়া যায়।

চীনা মাটি (China Clay) বা শ্বেতমৃত্তিকা (White Clay)

চীনা মাটি হলো একটি কেওলিন কর্দম মনিক দ্বারা গঠিত উন্নতমানের কর্দম। ১৯৫৭ সালে ভেদিকুরা (নেত্রকোনা) প্রথম চীনা মাটির সন্ধান পাওয়া যায়। এছাড়াও নেত্রকোনার বিজয়পুর, নওগাঁর পত্নীতলা, দিনাজপুরের পার্বতীপুরে চীনামাটি পাওয়া যায়।

সিলিকা বালি (Solica Sand) বা কাঁচ বালি

হবিগঞ্জের নয়াপাড়া, ছাতিয়ান, শাহবাজার, সুনামগঞ্জের টাকেরহাট, চট্টগ্রামের দোহাজারী, মৌলভীবাজারের কুলাউড়া, শেরপুরের বালিজুরি, জামালপুরের গারো পাহাড়ে, কুমিল্লার চৌদ্দগ্রামে এবং দিনাজপুরের পার্বতীপুরে সিলিকা বালি পাওয়া যায়। কাঁচ বালির সর্বাধিক মজুদ আছে সিলেট অঞ্চলে।

Scanned by CamScanner

তেজস্ক্রিয় বালু

